

জাগরণ

THE FIRST DAILY OF TRIPURA

গৌরবের ৭০ তম বছর

অনলাইন সংস্করণঃ www.jagrandaily.com

JAGARAN ■ 28 November, 2023 ■ আগরতলা ২৮ নভেম্বর ২০২৩ ইং ■ ১১ অগ্রহায়ণ, ১৪৩০ বঙ্গাব্দ, মঙ্গলবার ■ RNI Regn. No. RN 731/57 ■ Founder: J.C.Paul ■ মূল্য ৩.৫০ টাকা ■ আট পাতা

পরিদর্শন করলেন বাম-কংগ্রেসও

অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্ত বটতলা বাজারে মুখ্যমন্ত্রী, ব্যবসায়ীদের সহায়তার আশ্বাস

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৭ নভেম্বর। রবিবার গভীররাতে ভয়াবহ অগ্নিকাণ্ড ঘটেছে বটতলা বাজারে। অগ্নিকাণ্ডে পুড়ে ছাই হয়েছে প্রায় দেড়শ সবজির দোকান। এছাড়াও ১৫ থেকে ২০টি মুদির দোকান সহ অন্যান্য দোকানও এই অগ্নিকাণ্ডে সম্পূর্ণ ভস্মীভূত হয়েছে। রাত আনুমানিক প্রায় ১টা নাগাদ এই অগ্নিকাণ্ড সংঘটিত হয়েছে বলে জানা গেছে। ঘটনার খবর পেয়ে ছুটে এসেছেন ব্যবসায়ীরা। খবর যায় দমকল কর্মীদের কাছে। ঘটনাস্থলে দমকল কর্মীদের ছাড়া গাড়ি ছুটে এসে আশ্রয় নিচ্ছেন আনার চেষ্টা চালায়। দীর্ঘ সময়ের চেষ্টার পর নিয়ন্ত্রনে আসে আগুন। তবে এই অগ্নিকাণ্ডে বাজারের একটি বড় অংশ সম্পূর্ণ ভস্মীভূত হয়েছে। কিসের থেকে এই আগুনের সূত্রপাত সেই বিষয়ে এখনো কিছুই জানা যায়নি। তবে প্রাথমিকভাবে ধারণা করা যাচ্ছে বিদ্যুতের শর্ট সার্কিট থেকেই এই আগুনের সূত্রপাত হয়েছে।



পরিদর্শন শেষে মুখ্যমন্ত্রী বলেন, আজ সকালেই তিনি এই অগ্নিকাণ্ডের খবর পেয়েছেন। ব্যবসায়ীদের সঙ্গে এসে কথা বলেছেন। তিনি জানিয়েছেন, আনুমানিক ঘুরে দেখেছেন গোটো বাজারটি।

ইতিমধ্যেই জেলাশাসকের সঙ্গে কথা বলেছেন তিনি। সঠিক হিসাবের পরেই ক্ষয়ক্ষতির পরিমাণ জানা যাবে বলেও জানিয়েছেন মুখ্যমন্ত্রী। সঠিক সময়ে এসে আগুন নিয়ন্ত্রনে আনার জন্য তিনি অগ্নি নির্বাপক কর্মীদের ধন্যবাদ জানিয়েছেন।

মুখ্যমন্ত্রী বলেন, সঠিক সময়ে অগ্নি নির্বাপক দপ্তরের কর্মীরা না এলে আগুন আরো ব্যাপক আকার ধারণ করতে পারত। এপিকে ব্যবসায়ীদের সাহায্য করার আশ্বাস দিয়েছেন মুখ্যমন্ত্রী। কিভাবে তারা শীঘ্রই পুনরায় ব্যবসা

চালাবে সেটা জানিয়েছেন। মুখ্যমন্ত্রী বলেন, সঠিক সময়ে অগ্নি নির্বাপক দপ্তরের কর্মীরা না এলে আগুন আরো ব্যাপক আকার ধারণ করতে পারত। এপিকে ব্যবসায়ীদের সাহায্য করার আশ্বাস দিয়েছেন মুখ্যমন্ত্রী। কিভাবে তারা শীঘ্রই পুনরায় ব্যবসা

অগ্নিকাণ্ডের খবর পেয়ে ঘটনাস্থল পরিদর্শনে গেছেন সিপিআইএম দলের সদস্যরা। ব্যবসায়ীদের সঙ্গে কথা বলেছেন তারা। পরিদর্শন শেষে বামনেতৃত্ব মানিক দে বলেন, অনেক ক্ষয়ক্ষতি হয়েছে এই অগ্নিকাণ্ডে। অগ্নিকাণ্ডের সূত্রপাত কিভাবে হল তা খতিয়ে দেখার দাবি করেন তিনি। এছাড়াও এই বাজারের ব্যবসায়ীদের সমস্যার পরিকল্পিতভাবে সঠিক সমাধানের দাবি জানিয়েছেন তিনি। এই ভয়াবহ অগ্নিকাণ্ডে মাথায় হাত বটতলা বাজারের ক্ষতিগ্রস্ত ব্যবসায়ীদের। নিজেদের সর্বস্ব হারিয়েছেন তারা। সরকারের কাছে সাহায্যের করণ আর্জি জানিয়েছেন ক্ষতিগ্রস্ত ব্যবসায়ীরা। এদিকে, প্রদেশ কংগ্রেস সভাপতি আশিস কুমার সাহা আজ অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্ত বটতলা বাজার পরিদর্শন করেন। তিনি জানান, আগুনে সবজি বাজারের প্রায় ১৫০ টি দোকান ঘর ছাড়াও অনান্য দোকানের ক্ষতি হয়েছে। শ্রী সাহা ক্ষতিগ্রস্ত ব্যবসায়ীদের উপযুক্ত ক্ষতিপূরণ দিতে মুখ্যমন্ত্রীর কাছে দাবি করেছেন। তিনি বটতলা বাজারে অগ্নিকাণ্ড মোকাবেলায় উপযুক্ত ব্যবস্থা গ্রহণের দাবিও মুখ্যমন্ত্রীর কাছে জানাবেন বলেছেন। প্রদেশ কংগ্রেস

বিমানবন্দরে গাঁজা পাচারকারী সহ বিমান সংস্থার কর্মী আটক



নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৭ নভেম্বর। এবারে বিমানবন্দরকে ব্যবহার করে পাচার করা গাঁজা। পাচার কাজে জড়িত বিমান সংস্থার কর্মীও। রবিবার সন্ধ্যায় গোপন খবরের ভিত্তিতে এমবিবি বিমানবন্দর থেকে দুজনকে আটক করেছে এয়ারপোর্ট থানার পুলিশ। ঘটনার বিবরণে এসডিপিও পারমিতা পাণ্ডে জানিয়েছেন, এয়ারপোর্ট থানার কাছে গোপন তথ্য ছিল, এমবিবি বিমান বন্দরকে ব্যবহার করে বহিরাগো গাঁজা পাচার করা হবে। সেই খবরের ভিত্তিতে এয়ারপোর্ট থানার ওসি অভিঞ্জিৎ মণ্ডলের নেতৃত্বে বিশাল পুলিশ বাহিনী এমবিবি বিমানবন্দরে পৌঁছায় রবিবার সন্ধ্যায়। সেখানে সুদীপ দেববর্মী নামে এক ব্যক্তির ব্যাগে তল্লাশি চালিয়ে ২০ কেজি শুকনো গাঁজা উদ্ধার করেছে পুলিশ। পাশাপাশি ন্যালসন জমতিয়া নামে অপর একজনকে এই পাচার কাজে সহযোগিতা করার অভিযোগে আটক করেছে পুলিশ। তাদের বিরুদ্ধে এনডিপিএস ধারায় মামলা নিয়ে তদন্ত শুরু করেছে পুলিশ। এসডিপিও জানিয়েছেন, অভিযুক্ত ন্যালসন জমতিয়া এক্সিকিউটিভ সিকিউরিটি পদে ইন্ডিগো বিমান সংস্থায় কর্মরত। রাজধানীর অভয়নগর এলাকায় সে থাকে। অন্যদিকে সুদীপ দেববর্মীর বাড়ি সিংধাই এলাকায়। উদ্ধারকৃত গাঁজার মূল্য আনুমানিক ২ থেকে ৩ লক্ষ টাকা হবে বলে জানিয়েছেন পুলিশ অধিকারিক। এদিকে আজ তাদের আদালতে সোপর্দ করে পুলিশ রিমান্ডের আবেদন জানিয়েছেন পুলিশ অধিকারিক। এসডিপিও পারমিতা পাণ্ডে বলেন, এই কাজে আরো বেশ কয়েকজন জড়িত থাকতে পারে বলে ধারণা করা হচ্ছে। ফলে তাদের রিমান্ডে নিয়ে আসতে তথ্য

সন্তান বিক্রি সরকারকে বিধলেন নরেশ জমতিয়া



নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৭ নভেম্বর। বংশীপাড়া এলাকার বাসিন্দা খোকন দেববর্মার দেড় দিনের কন্যাসন্তানকে ৩০ হাজার টাকার বিনিময়ে বিক্রি করে দিয়েছিলেন। এই ঘটনা রাজ্য সরকারকে বিধলন প্রাপ্ত মন্ত্রী নরেশ জমতিয়া।

সোমবার সাংবাদিক সম্মেলনে প্রাক্তন মন্ত্রী নরেশ জমতিয়া সন্তান বিক্রির দৃষ্টান্ত তুলে ধরে বলেন রাজ্য সরকার যেনো জনজাতি অধ্যুষিত এলাকায় জনজাতি বিরোধী নীতি অবলম্বন করে চলেছে তাতে প্রচণ্ড সংকটের সৃষ্টি হয়েছে। আর এই কারণেই সন্তান বিক্রির মত ঘটনা ঘটে চলেছে বলে দাবি করেছেন তিনি।

তিনি আরো বলেন, আগে বাবা মায়েরা তাদের সন্তানদের হত্যা করে নিজেরাও আত্মহত্যার পথ দেখে নিতো। এ ধরনের ঘটনাও ঘটেছিল জনজাতি অধ্যুষিত এলাকায়। যা দুর্ভাগ্যজনক।

তার কথাটা, ভারতীয় জনতা পার্টি অনুসৃত নীতির কারণে বিভিন্ন সরকারি ক্ষেত্রে বেসরকারিকরণ করা, এর মানেই হচ্ছে সংরক্ষিত আসন গুলোকে অসংরক্ষিত করা। কারণ বেসরকারি ক্ষেত্রে কোন ধরনের সংরক্ষিত আসন থাকে না। যার কারণে দেশজুড়ে জনজাতি ছেলেমেয়েদের ক্ষেত্রে কর্মসংস্থানের পরিবর্তে কর্ম সংকোচনের ব্যবস্থা করা হয়েছে। বেসরকারি ক্ষেত্রে চাকরির সুযোগগুলোকে অসংরক্ষিত করে বন্ধ করে দেওয়া হয়েছে।

দলিতদের অধিকার নিয়ে বামেদের ৪ ডিসেম্বর সংসদ ভবন অভিযান

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৭ নভেম্বর। আগামী ৪ ডিসেম্বর দিল্লি সংসদ ভবন অভিযান করে দলিতদের অধিকার এবং সামাজিক ন্যায় প্রতিষ্ঠার দাবি জানানো হবে। সোমবার এমএনটিএ জানিয়েছেন সুধন দাস।

দেশে ২০১৪ সালে নরেন্দ্র মোদির নেতৃত্বাধীন বিজেপি সরকার প্রতিষ্ঠিত হওয়ার পর দলিত অংশের মানুষের উপর অর্থ, সম্পদ, শিক্ষা, সম্মান সর্বক্ষেত্রে আক্রমণ নামিয়ে এনেছে। সোমবার মেলার মাঠ সিপিআইএম রাজ্য কার্যালয়ের সামনে দলিত শোষণ মুক্তি মঞ্চের দশম প্রতিষ্ঠা দিবসে বক্তব্য রেখে এই কথা বলেন সংগঠনের নেতা সুধন দাস।

আয়োজিত প্রতিষ্ঠা দিবসে এই দিন প্রাক্তন দলিত নেতা অনিল সরকারের প্রতিকৃতিতে

রাজ্যে ৩ ডিসেম্বর ফের চালু হচ্ছে উইকেন্ড হাব

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৭ নভেম্বর। সোমবার দুপুরে সচিবালয়ে রাজ্যের পর্যটনমন্ত্রী সুশান্ত চৌধুরীর অফিস কক্ষে রাজধানী আগরতলায় উজ্জয়ন্ত প্রাসাদ এর সামনে চালু হওয়া সপ্তাহান্তিক পর্যটক কেন্দ্র (উইকেন্ড ট্যুরিস্ট হাব) এর সাথে সম্পর্কিত বিভিন্ন বিষয় নিয়ে এক গুরুত্বপূর্ণ উচ্চস্তরীয় পর্যালোচনা বৈঠকে পৌরহিত্য করেছেন পর্যটনমন্ত্রী সুশান্ত চৌধুরী।

সভায় সিদ্ধান্ত নেওয়া হয়, আগামী ৩ ডিসেম্বর থেকে পুনরায় উজ্জয়ন্ত প্রাসাদের সম্মুখে উইকেন্ড ট্যুরিস্ট হাব শুরু হবে। উইকেন্ড ট্যুরিস্ট হাব উপলক্ষে প্রতি মাসের দ্বিতীয়



শনিবার, চতুর্থ শনিবার ও প্রতি রবিবার সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হবে। উইকেন্ড ট্যুরিস্ট হাবে আগরতলা পুরনিগম থেকে রকমারি খাবার সামগ্রী নিয়ে ৩০টি

আগরতলা-সেকেন্দ্রাবাদের মধ্যে স্পেশাল ট্রেনের মেয়াদ বাড়ল

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৭ নভেম্বর। যাত্রীদের অতিরিক্ত ভিড় হ্রাস করতে উত্তর-পূর্ব সীমান্ত রেলওয়ের পক্ষ থেকে আগরতলা ও সেকেন্দ্রাবাদের মধ্যে স্পেশাল ট্রেনের পরিষেবার মেয়াদ উভয় দিক থেকে বৃদ্ধিকার সিদ্ধান্ত গ্রহণ হয়েছে। এই স্পেশাল ট্রেনটি নিজে পরিষেবার বিদ্যমান দিন, সময়সূচি ও গঠনের সাথে চলাচল করবে। এর ফলে এই রুটের অন্যান্য ট্রেনের ওয়েটিং লিস্টের যাত্রীরা উপকৃত হবেন বলে ধারণা করা হচ্ছে।

০৭০৩০নং, (সেকেন্দ্রাবাদ-আগরতলা) স্পেশাল ট্রেনটির পরিষেবা ০৪ ডিসেম্বর, ২০২৩ থেকে ২৯ জানুয়ারি, ২০২৪ পর্যন্ত প্রত্যেক সোমবার করে অব্যাহত থাকবে। ট্রেনটি সেকেন্দ্রাবাদ থেকে প্রত্যেক সোমবার ১৬.৩৫ ঘটায় রওনা দিয়ে বৃহস্পতিবার ০৩.১০ ঘটায় আগরতলা পৌঁছাবে।

একইভাবে, ০৭০২৯নং, (আগরতলা-সেকেন্দ্রাবাদ) স্পেশাল ট্রেনটির পরিষেবা ০৮ ডিসেম্বর, ২০২৩ থেকে ০২ ফেব্রুয়ারি, ২০২৪ পর্যন্ত প্রত্যেক শুক্রবারে চলার জন্য সম্প্রসারণ করা হবে। ট্রেনটি আগরতলা থেকে প্রত্যেক শুক্রবার ০৬.২০ ঘটায় রওনা দিয়ে রবিবার ১৬.১৫ ঘটায় সেকেন্দ্রাবাদ পৌঁছাবে। এই স্পেশাল ট্রেনটি উভয় পথে যাত্রার সময় বিজয়ওয়াড়া জং, বিজয়নগর জং, খুরদা রোড জং, ভুবনেশ্বর, খড়গপুর জং, মালদা টাউন, নিউ জলপাইগুড়ি, নিউ বজহিগাঁও, নিউ হাফলং, বদরপুর জং, নিউ করিমগঞ্জ এবং আশ্বাস স্টেশন

আত্মসম্পর্নকারী জঙ্গিরা সরকারি সুবিধা থেকে বঞ্চিত অভিযোগ বিধায়কের

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৭ নভেম্বর। আত্মসম্পর্নকারী জঙ্গিদের নানা সুযোগসুবিধা নিয়ে সরকার তিস্তা মথা বিধায়ক তথা টিইউআইপি সি চেয়ারম্যান রঞ্জিত দেববর্মী। আত্মসম্পর্নকারী জঙ্গিদের বিভিন্ন দাবী নিয়ে এদিন তিনি সাংবাদিক সম্মেলনে বিস্তারিত আলোচনা করেছেন। তিনি বলেন, গত ২২শে নভেম্বর আত্মসম্পর্নকারী জঙ্গিদের বিভিন্ন দাবীদাওয়া নিয়ে দিল্লিতে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের উত্তর পূর্ব ভারতের এডভাইজার এ কে মিশ্র-এর সঙ্গে দেখা করে বিভিন্ন দাবী সম্বলিত

মুখ্যমন্ত্রী সকাশে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রকের উপপূর্বাধ্বলের উপদেষ্টা

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৭ নভেম্বর। কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রকের উত্তর পূর্বাধ্বলের উপদেষ্টা এ কে মিশ্র আজ বিকলে সচিবালয়ে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডাঃ) মানিক সাহা'র সাথে এক সৌজন্যমূলক সাক্ষাৎকারে মিলিত হন। সাক্ষাৎকারের সময় উভয়ের মধ্যে রাজ্যের জনজাতি গোষ্ঠীর সার্বিক উন্নয়ন এবং তাদের সমস্যা নিরসনে রাজ্য সরকারের উদ্যোগের বিষয় আলোচনা প্রাধান্য পায়। রাজ্য সরকার জনজাতি এলাকায় রাস্তাঘাট, বিদ্যুৎ, পানীয়জল সহ যেসমস্ত উন্নয়ন কর্মসূচি রূপায়ণ করেছে তা মুখ্যমন্ত্রী প্রফেসর (ডাঃ) মানিক সাহা কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রকের উত্তর পূর্বাধ্বলের উপদেষ্টার কাছে তুলে ধরেন। পাশাপাশি মুখ্যমন্ত্রী আগামীদিনে জনজাতিদের উন্নয়নে রাজ্য সরকার কি কি উদ্যোগ গ্রহণ করবে সেই বিষয়েও উপদেষ্টাকে অবহিত করেন। জনজাতিদের উন্নয়নে রাজ্যের বিভিন্ন জনজাতি অংশের সমাজগতি এবং জনজাতি গোষ্ঠীর প্রতিনিধিদের সাথে সাক্ষাৎ করার জন্যও

পথ অবরোধ করল পড়ুয়া - অভিভাবকরা

নিজস্ব প্রতিনিধি, মেলাঘর, ২৭ নভেম্বর। নির্মাণকারী সংস্থার কাজকে অসন্তোষ ব্যক্ত করে পথ অবরোধ করলেন ছাত্র ছাত্রী ও অভিভাবকরা। সোমবার দুপুরে নলছড় পোয়াবাড়ি চৌমুহনীতে রাস্তা অবরোধ করলো পোয়াবাড়ি জেবি স্কুলের ছাত্র-ছাত্রী সহ অভিভাবকরা। অভিযোগ, নলছড় পোয়াবাড়ি জেবি স্কুল এলাকা থেকে মেলাঘর বাজার পর্যন্ত মূল সড়কের কাজ করছে এক নির্মাণ সংস্থা। এলাকাবাসীর অভিযোগ, এই রাস্তাটি নির্মাণকারী সংস্থা পোয়াবাড়ি জেবি স্কুলের ছাত্র-ছাত্রীদের খেলার মাঠটি সম্পূর্ণভাবে দখল করে তাড়িয়ে দিয়েছে। পাশাপাশি রাস্তা নির্মাণ সংস্থার কর্তৃপক্ষকে রাতে নির্মাণ কাজ বন্ধ রাখতে জানিয়ে দেয় এলাকাবাসী। কিন্তু নির্মাণ সংস্থা এলাকাবাসীর সেই অনুরোধ না রেখে রাতে তাদের কাজের গতি আরো বাড়িয়ে দেয়, যার ফলে এলাকাবাসীদের রাতে বেলো সমস্যা সন্মুখীন হয়। রাস্তা নির্মাণ সংস্থা এলাকাবাসীর কথা না রাখায় বাধ্য হয়ে পোয়াবাড়ি জেবি স্কুলের ছাত্র-ছাত্রী ও অভিভাবকরা রাস্তা অবরোধ করে বসেন। ঘটনার খবর পেয়ে ছুটে আসে মেলাঘর থানার পুলিশ, পাশাপাশি সংস্থার কর্মকর্তাদের যোগা করে রাখেন। যদিও পুলিশ হস্তক্ষেপে দীর্ঘ সময় পরে অবরোধ মুক্ত হয়েছে রাস্তা। পরবর্তী সময়ে উক্ত বিষয়ে উর্ভতন কৃতপক্ষ বিষয়টি খতিয়ে দেখাবেন এবং সমস্যা নিরসনে এগিয়ে আসবেন বলেও তাদের আশ্বাস দেওয়া হয়।



সোমবার ত্রিপুরা তপশিলী জাতির পক্ষে ১০ম প্রতিষ্ঠা দিবস পালিত হয়। ছবি- নিজস্ব।

শ্যালকের বিয়েতে জলে ডুবে মৃত্যু জামাইবাবুর, আশঙ্কাজনক বাবা

দুর্গাপুর, ২৭ নভেম্বর (হি.স.) : দুর্গাপুরে শ্যালকের বিয়েতে এসে জলে ডুবে মৃত্যু হল জামাইবাবুর। জামাইকে বাঁচাতে গিয়ে আশঙ্কাজনক স্বশ্রু। পরিবার তো বটেই, ঘটনায় শোকস্তব্ধ সমগ্র এলাকা।

দুর্গাপুরের নিউ টাউনশিপ থানা এলাকার ফুলঝোড় নিবাসী স্বপন কুমার সামন্তের ছেলে দেবমিতের বিয়ে ছিল সোমবার। পাত্রী পূর্ব বর্ধমানের দক্ষিণ দামোদরের পলাশ গ্রামে। নিয়ম মেনে এদিন ভোরে স্থানীয় শঙ্খবাঁধে “জল সহি”-তে গিয়েছিলেন পাত্রের দিদি দেবমিতা কুণ্ডু, জামাইবাবু কৌশিক কুণ্ডু, পাত্রের বাবা স্বপন কুমার সামন্ত ও এক আত্মীয়। জল সওয়ায় পর্ব চলাকালীন অসাবধানতাবশত জলে ডুবে যাওয়ার উপক্রম হয় পাত্রের দিদি দেবমিতা কুণ্ডু, তাঁকে বাঁচাতে জলে ঝাঁপ দেন জামাইবাবু কৌশিক কুণ্ডু। দু’জনকে ডুবে যেতে দেখে তাঁদের বাঁচাতে জলে ঝাঁপিয়ে পড়েন পাত্রের বাবা স্বপন কুমার সামন্ত।

পুকুর পাড়ে দাঁড়িয়ে থাকা আত্মীয়রা চিন্তাকরে আশেপাশের প্রতিবেশীরা এসে তিনজনকেই জল থেকে উদ্ধার করে। দেবমিতাকে সুস্থ অবস্থায় উদ্ধার করা গেলেও জামাইবাবু কৌশিক কুণ্ডু ও বাবা স্বপন কুমার সামন্তকে অচৈতন্য হয়ে পড়েন। দু’জনের অবস্থা আশঙ্কাজনক হওয়ায় বিধানগরের একটি বেসরকারি হাসপাতালে নিয়ে যাওয়া হলে চিকিৎসকরা কৌশিক কুণ্ডুকে (৫২) মৃত বলে ঘোষণা করেন।

ওই বেসরকারি হাসপাতালে আশঙ্কাজনক অবস্থায় চিকিৎসাবিনয় পাত্রের বাবা স্বপন কুমার সামন্ত। এই ঘটনায় বিয়ে বাড়ির আনন্দমুখর পরিবেশ এক লহমায় বদলে গিয়েছে। মৃত কৌশিক কুণ্ডুর দেহ দুর্গাপুর মহকুমা হাসপাতালে ময়নাতদন্ত হয়। ঘটনায় এক প্রতিবেশী অলোক কুমার চট্টোপাধ্যায় জানান, সকালবেলায় জল সহিতে গিয়ে এই দুর্ঘটনা। পাত্রের বাবার অবস্থা অত্যন্ত আশঙ্কাজনক। দিদি ভালো আছেন। পাত্রের জামাইবাবুর ময়নাতদন্ত হয়ে গেছে।

সংবিধানের অবমাননার অভিযোগে গ্রেফতার

গ্রেটার নয়ডার যুবক নয়াদিল্লি, ২৭ নভেম্বর (হি.স.) : সোশাল মিডিয়ায় ভারতীয় সংবিধান নিয়ে বিস্ময়কর পোস্ট করে থেফতার হলেন যুবক। সংবিধানের অবমাননার অভিযোগে গ্রেটার নয়ডার বাসিন্দা এক যুবককে থেফতার করল দিল্লি পুলিশ। উল্লেখ্য, রবিবার ছিল সংবিধান দিবস। সেদিনই ওই পোস্ট করেন অভিযুক্ত।

পুলিশ সূত্রে জানা গিয়েছে, বছর একশের ওই অভিযুক্তের নাম তানু আলিয়াস জিয়াস। তিনি গ্রেটার নয়ডা সংলগ্ন বিসাহাদা গ্রামের বাসিন্দা। স্থানীয় জাতি থানায় তাঁর বিরুদ্ধে লিখিত অভিযোগ দায়ের হয়েছিল। তার ভিত্তিতেই একসাইআর দায়ের করে পুলিশ। পরে যুবককে থেফতার করা হয়। ৩৫৪ (ইচ্ছাকৃতভাবে এলাকার শান্তিভঙ্গের চেষ্টা) এবং ৬৭ (তথ্য প্রযুক্তি আইন) ধারায় মামলা দায়ের হয়েছে ডানুর বিরুদ্ধে।

জাতি থানার পুলিশ আধিকারিক সুনীল কুমার জানান, রবিবার সোশাল মিডিয়ায় সংবিধান নিয়ে

ছয় বছরের অধিককাল সময় থেকে দিয়ুংত্রা মহকুমা শাসকের কার্যালয় পরিত্যক্ত অবস্থায় পড়ে রয়েছে

হাফলং (অসম) ২৭ নভেম্বর (হি.স.) বিজেপি সরকারের সব কা সাথ সব কা বিকাশ স্লোগান যে বাস্তব রূপ পায়নি তার জ্বলন্ত উদাহরণ হচ্ছে ডিমা হাসাও জেলার দিয়ুংত্রা মহকুমার শোচনীয় অবস্থা থেকে। রাজ্যে প্রয়াত তরুণ গণের নেতৃত্বে কংগ্রেসের সরকার থাকার সময় অসমের অন্যতম পাহাড়ি জেলা ডিমা হাসাওয়ের দিয়ুংত্রাকে মহকুমা হিসেবে ঘোষণা করে রাজ্যের তৎকালীন কংগ্রেস সরকার কিন্তু পরবর্তীতে রাজ্যের রাজনীতিতে পট পরিবর্তন হওয়ার পর দিয়ুংত্রাকে বাস্তব রূপ দিতে রাজ্যের বিজেপি সরকার কোনও পদক্ষেপ গ্রহণ করে নি বলে অভিযোগ উত্থাপন করেছেন দিয়ুংত্রা ও উমরাংগুর সাধারণ মানুষ। দীর্ঘ ছয় বছর থেকে নেই কোনও মহকুমা শাসক সরকারি আধিকারিক এমনকি নেই চতুর্থ বর্গের কোনও কর্মচারী। স্থানীয় বাসিন্দারা জানিয়েছেন দিয়ুংত্রাকে মহকুমা হিসেবে ঘোষণা করার পর এক বছর দিয়ুংত্রা জলসিঞ্চন বিভাগে অস্থায়ী ভাবে মহকুমা শাসক নিয়োগ করা হলে ও গত ছয় বছর থেকে নেই কোনও মহকুমা শাসক। যার দরুন সমস্যায় পড়তে হচ্ছে দিয়ুংত্রা ও উমরাংগু

২৬ জানুয়ারি তদানীন্তন কংগ্রেস সরকারের প্রয়াত মুখ্যমন্ত্রী তরুণ গণ্ডে রাজ্যে মোট পাঁচ টি জেলা ও ২৪ টি মহকুমা গঠন করার কথা ঘোষণা করেছিলেন। তার পর ২০১৬ সালের ২৮ ফেব্রুয়ারি কংগ্রেস শাসিত উত্তর কাছাড় পার্বত্য স্বশাসিত পরিষদের তৎকালীন মুখ্য কার্যবাহী সদস্য দেবজিৎ খাওসেন দিয়ুংত্রাতে মহকুমা শাসকের কার্যালয়ের উদ্বোধন করলে ও দীর্ঘ ছয় বছরের অধিককাল সময় থেকে দিয়ুংত্রা মহকুমা শাসকের কার্যালয় পরিত্যক্ত অবস্থায় পড়ে রয়েছে। দীর্ঘ ছয় বছর থেকে নেই কোনও মহকুমা শাসক সরকারি আধিকারিক এমনকি নেই চতুর্থ বর্গের কোনও কর্মচারী। স্থানীয় বাসিন্দারা জানিয়েছেন দিয়ুংত্রাকে মহকুমা হিসেবে ঘোষণা করার পর এক বছর দিয়ুংত্রা জলসিঞ্চন বিভাগে অস্থায়ী ভাবে মহকুমা শাসক নিয়োগ করা হলে ও গত ছয় বছর থেকে নেই কোনও মহকুমা শাসক। যার দরুন সমস্যায় পড়তে হচ্ছে দিয়ুংত্রা ও উমরাংগু

অঞ্চলের সাধারণ মানুষকে যে কোনও ছোট কাজের জন্য এদের হাফলঙে ছুটে আসতে হয়। স্থানীয় বাসিন্দাদের অভিযোগ বিজেপি সরকারের স্থানীয় বাসিন্দারা। দীর্ঘ কয়েক বছর দিয়ুংত্রা ও উমরাংগুর বিভিন্ন দল সংগঠন ও সাধারণ মানুষ আন্দোলন করার পর রাজ্যের তৎকালীন কংগ্রেস সরকার দিয়ুংত্রা মহকুমা হিসেবে ঘোষণা করেছিল। কিন্তু রাজ্যে রাজনৈতিক পট পরিবর্তন হয়ে বিজেপি সরকার ক্ষমতায় আসার পর দিয়ুংত্রা মহকুমাকে কর্মক্ষম করে তুলতে কোনও পদক্ষেপই গ্রহণ করেনি বলে অভিযোগ উত্থাপন করেন স্থানীয় বাসিন্দারা।

জেট্টো সেমিকন্ডাক্টর, সবুজ প্রযুক্তি ও চিকিৎসার যন্ত্রাংশের মত ক্ষেত্রে বিনিয়োগে সহায়ক হবে : ভূপেন্দ্র প্যাটেল

গান্ধীনগর, ২৭ নভেম্বর (হি.স.) : জেট্টো সেমিকন্ডাক্টর, থিন টেকনোলজি, মেডিক্যাল ডিভাইসের মতো ক্ষেত্রে বিনিয়োগে সহায়ক হবে, বলে মন্তব্য করেন ভূপেন্দ্র প্যাটেল। জাপান সফরের দ্বিতীয় দিনে গুজরাটের মুখ্যমন্ত্রী ভূপেন্দ্র প্যাটেল একথা জানান।

মুখ্যমন্ত্রী ভূপেন্দ্র প্যাটেল গুজরাট প্রতিনিধিদলকে নিয়ে জাপান সফরের দ্বিতীয় দিনে সোমবার জাপান একটানা টিভি অর্গানাইজেশনের (জেট্টো) সভাপতি সুসুমু কাভাওয়ার সঙ্গে বৈঠক করেন। মুখ্যমন্ত্রী এদিন উচ্চস্ব প্রকাশ করে জানান যে, জেট্টো আহমেদাবাদে একটি ব্যবসায়িক সহায়তা কেন্দ্র চালু করেছে, এরফলে জাপানি শিল্প ও কোম্পানিগুলিকে গুজরাটে বিনিয়োগের জন্য আকৃষ্ট করবে। জাপান এবং বিশ্ব ব্যবসায়ী সম্প্রদায়ের মধ্যে অর্থনৈতিক অংশীদারিত্ব ও সহযোগিতা বৃদ্ধিতে জেট্টো গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। শুধু তাই নয়, জেট্টো গুজরাটের দীর্ঘদিনের অংশীদার ছিল। এদিনের এই বৈঠকে এ বিষয়ে বিস্তারিত আলোচনা করেন প্যাটেল। তিনি বলেন, গুজরাট সেমিকন্ডাক্টর, সবুজ হাইড্রোজেন এবং চিকিৎসার যন্ত্রাংশের মতো ক্ষেত্রে উচ্চতর গুণমান নিয়ে এগিয়ে চলেছে। প্যাটেল এই প্রসঙ্গে আরও বলেন যে, জেট্টো সেমিকন্ডাক্টর, সবুজ প্রযুক্তি, বান্ধ ডাগ, চিকিৎসার যন্ত্রাংশ, সিরামিক এবং বস্ত্র শিল্পে বিনিয়োগ আকৃষ্ট করতে অংশগ্রহণ

করতে পারে। জেট্টোর চেয়ারম্যান এবং আধিকারিক গুজরাটের উন্নয়ন নিয়ে সম্পর্কে জানতে গভীর আগ্রহ দেখিয়েছিলেন। তাঁরা বলেছেন যে জেট্টো গুজরাটের সঙ্গে তার সম্পর্ক আরও প্রসারিত করার জন্য উন্মুখ। এই উপলক্ষে মুখ্যমন্ত্রী জেট্টোকে ভাইব্রেন্ট গুজরাট গ্লোবাল সামিট-২০২৪-এ অংশগ্রহণের জন্য আমন্ত্রণ জানান।

অযোধ্যায় কার্তিক পূর্ণিমা উপলক্ষ্যে ২০ লক্ষেরও বেশি ভক্ত শরয়ু নদীতে স্নান করেন

অযোধ্যা, ২৭ নভেম্বর (হি.স.) : অযোধ্যায় সোমবার কার্তিক পূর্ণিমা উপলক্ষ্যে ১৫ লক্ষ ভক্ত শরয়ু নদীতে স্নান করেন। যোতে ডুব দেওয়ার পরে ভক্তরা সুর্যকে অর্ঘ্য নিবেদন করে ভগবান কার্তিকের পূজা করেন এবং পরিষ্কারে সুস্থতা কামনা করে। গ্রহ-নক্ষত্রের বিরল সমীকরণের কারণে এবারের কার্তিক পূর্ণিমায় স্নানের বিশেষ তাৎপর্য ছিল। এই কারণেই সুর্যের প্রথম রশ্মি বের হওয়ার আগেই সোমবার ভোরে হাজার হাজার ভক্তের সমাগম ঘটেছিল। প্রচুর ভক্তের আগমনের কারণে অনেক ঘাটে পা রাখার জয়গাও ছিল না এদিন। রবিবার দুপুর থেকেই শুরু হয়েছিল কার্তিক পূর্ণিমা। তাই রবিবারও শরয়ু নদীতে স্নান করেন ভক্তরা। রবিবার প্রায় ১০ লক্ষ মানুষ স্নান করেছিলেন। দুই দিন পূর্ণিমার কারণে উদয় তিথি ছিল সোমবার।

সেজন্মা সোমবার প্রায় ১৫ লক্ষ ভক্ত শরয়ু নদীর ঘাটে স্নান করতে আসেন। শরয়ু ঘাটেও মানুষ পূজা দেয়। শরয়ু স্নানের শুভ সময় বিকাল ৩.৩৬টা পর্যন্ত, কিন্তু দূর-দুরান্ত থেকে আগত ভক্তরা গভীর সন্ধ্যা পর্যন্ত শরয়ু নদীতে স্নান করতে থাকেন।

মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথের নির্দেশ অনুযায়ী জেলা প্রশাসন কর্তার নিরাপত্তার মাধ্যমে মেলা এলাকাকে তিনটি জোন এবং ১৫টি সেক্টরে ভাগ করেছে। ভক্তদের সুবিধার্থে স্নানের ঘাটে পুলিশ, এসডিআরএফ কর্মী এবং বন্যা ত্রাণ কর্মীদের মোতায়েন করা হয়েছিল। আইজি অযোধ্যা জোন প্রবীণ কুমার জানিয়েছেন, কার্তিক পূর্ণিমা স্নানে ভক্তদের নিরাপত্তার কথা মাথায় রেখে ঘাট, প্রধান মন্দির এবং সংবেদনশীল স্থানে পিএসি, আরএফ এবং সিভিল পুলিশ মোতায়েন করা হয়েছিল। সোমবার পরিক্রমায় আসা ভক্তরা স্নান, দর্শন ও পূজা সেৱে ফিরতে শুরু করেন।

বিকাশ ভারত সংকল্প যাত্রার অধীনে ৯.৩৫ লক্ষ আয়ুস্থান কার্ড নির্মাণ

নয়াদিল্লি, ২৭ নভেম্বর (হি.স.) : বিকাশ ভারত সংকল্প যাত্রার অধীনে ৯.৩৫ লক্ষ আয়ুস্থান কার্ড তৈরি করা হয়েছে। বিকাশ ভারত সংকল্প যাত্রার অধীনে অন-স্পট পরিবেশার অংশ হিসাবে গ্রাম পঞ্চায়েতগুলিতে স্বাস্থ্য শিবিরের আয়োজন করা হচ্ছে। ২৬ নভেম্বর সংকল্প যাত্রা পর্যন্ত ৯৯৫টি গ্রাম পঞ্চায়েতে ৫,৪৭০টি স্বাস্থ্য শিবিরের আয়োজন করা হয়েছে। এই শিবিরে মোট ৭ লক্ষ ৮২ হাজারেরও বেশি মানুষ উপস্থিত হতে পারে বলে অনুমান করা হচ্ছে। এই প্রকল্পের অধীনে ৯ লক্ষ ৩৫ হাজার ৯৭০টিরও বেশি আয়ুস্থান কার্ড তৈরি করা হয়েছে এবং ১ লক্ষ ৭ হাজারেরও বেশি কার্ড স্বাস্থ্য শিবিরে বিতরণ করা হয়েছে। সোমবার স্বাস্থ্য মন্ত্রণালয় এই তথ্য জানিয়েছে।

স্বাস্থ্য মন্ত্রণালয় আরও জানিয়েছে যে এই পরীক্ষামূলক স্বাস্থ্য শিবিরে ১ লক্ষ ৯৫ হাজারেরও বেশি মানুষের যত্ন পরীক্ষা করা হয়েছে। এই প্রকল্পের আওতায় ১৯ হাজার ৫০০ জনেরও বেশি মানুষকে উচ্চতর জনস্বাস্থ্য কেন্দ্রে পাঠানো হয়েছে। ৫৪ হাজার ৭৫০ জনের বেশি এসসিডি পরীক্ষা করা হয়েছে এবং ২ হাজার ৯৩০ জনকে উচ্চতর জনস্বাস্থ্য সুবিধায় রেফার করা হয়েছে। প্রায় ৫ লক্ষ ৫১ হাজার মানুষের উচ্চ রক্তচাপ ও ডায়াবেটিস পরীক্ষা করা হয়েছে। বিকাশ ভারত সংকল্প যাত্রা ১৫ নভেম্বর কাছাড়গঞ্জের খুন্টি থেকে শুরু করেছিলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। তিনি দেশে কেন্দ্রীয় সরকারের প্রকল্পগুলির সুবিধা প্রদানের জন্য এই বিকাশ ভারত সংকল্প যাত্রা শুরু করেছিলেন।

জনগণ বিআরএসের উপর ক্ষুব্ধ, কেউ চায় না কেসিআর সরকার ক্ষমতায় ফিরে আসুক: অমিত শাহ

হায়দরাবাদ, ২৭ নভেম্বর (হি.স.) : জনগণ বিআরএসের উপর ক্ষুব্ধ, কেউ চায় না কেসিআর সরকার ক্ষমতায় ফিরে আসুক, বলে সোমবার মন্তব্য করেন স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। তিনি সোমবার হুজুরাবাদে একটি জনসভায় আশেপাশে একথা বলেন। কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ সোমবার দাবি করেছেন যে তেলেঙ্গানায় ক্ষমতাসীন বিআরএস-এর বিরুদ্ধে ‘ক্ষোভের’ পরিবেশ রয়েছে। জনগণ চায় না কে চন্দ্রশেখর রাও-এর নেতৃত্বে সরকার ক্ষমতায় ফিরে আসুক।

শাহ এদিন হুজুরাবাদে একটি জনসভায় ভাষণ দেন। এছাড়া উনি পেন্ডাপল্লী এবং মানচেরিয়ালে রোড শোতে অংশ নেন। তিনি জনসভায় বলেন, আমি ভোট প্রচারের সময় তেলেঙ্গানা সফর করেছিলাম তখন দেখেছি যে, বিআরএস সরকারের বিরুদ্ধে ‘ক্ষোভ’-এর পরিবেশ রয়েছে। এদিন ভাষণে বিআরএস সরকারের বিরুদ্ধে ক্ষোভ উগারে তিনি বলেন, কেসিআর সরকার ক্ষমতায় ফিরে আসুক তা কেউ চায় না। ‘পরিবারবাদ’ (বংশ) শাসনের জন্য বিআরএস এবং কংগ্রেসকে

বিপর্যয়ের আশঙ্কা আরও বাড়িয়ে উত্তরকাশীতে বৃষ্টি ও তুষারপাতের আকৃতি

উত্তরকাশী, ২৭ নভেম্বর (হি.স.) : ১৫ দিন কেটে গিয়েছে। এখনও উদ্ধার করা যায়নি উত্তরকাশীর সিক্কিয়ারা সুড়ঙ্গে আটকে পড়া ৪১ শ্রমিককে। কখনও ধস, কখনও আবার মাটি খোঁড়ার মেশিনে যান্ত্রিক ক্রটি। বারংবার থমকে গিয়েছে উদ্ধারকাজ। এবার উদ্ধারকাজে বাধা হয়ে দাঁড়াচ্ছে প্রকৃতি। উত্তরকাশীতে বৃষ্টির আকৃতি। সেই সন্ধ্যায় বরফ পড়ার সম্ভাবনাও। বৃষ্টি ও তুষারপাত হলে বাহত হবে উদ্ধারকাজ। তবে প্রশাসন আশাবাদী যে কোনও প্রতিকূল পরিষ্টিতেই কাজ অব্যাহত থাকবে। যটুত্তরকাশীতে তাপমাত্রা ইতিমধ্যে ৪ ডিগ্রিতে নেমে গিয়েছে। এর পর তা আরও কমবে। জমে যাওয়ার মতো সেই ঠাণ্ডার সন্ধ্যায় বৃষ্টির সম্ভাবনা। এর মধ্যে হাওয়া অফিসের পূর্বাভাস, উত্তরাঞ্চলে ৪ হাজারের উপর উচ্চতায় তুষারপাত হতে পারে। মৌসম ভবন সূত্রে রবিবারই জানানো হয়েছিল, পশ্চিমী ঝঞ্ঝার প্রভাবে উত্তরাঞ্চল ও হিমাচল প্রদেশে বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। এ দিনও মৌসম ভবন জানায়, আজ, সোমবার থেকে বৃষ্টিপাত শুরু হবে। হালকা থেকে মাঝারি পরিমাণ বৃষ্টিপাত হতে পারে। বৃষ্টির পরিমাণ বাড়বে

মঙ্গলবার। ভারী বৃষ্টি পাশাপাশি তুষারপাতের সম্ভাবনাও রয়েছে। পাহাড়ে বৃষ্টি নামলে বিপত্তি হবে উদ্ধারকাজ। একইসঙ্গে ধস নামারও প্রবল সম্ভাবনা রয়েছে। তা বৃষ্টির জলে ধুয়ে ধস নামতে পারে। তুষারপাতেও রাস্তা বন্ধ হয়ে প্রভাবিত হতে পারে উদ্ধারকাজ। সব মিলিয়ে আশঙ্কা করা হচ্ছে, এবার প্রকৃতির মার প্রতিকূল পরিষ্টিতে ফেলতে পারে উদ্ধারকারীদের। তবে প্রশাসন আশাবাদী যে কোনও প্রতিকূল পরিষ্টিতেই কাজ অব্যাহত থাকবে। এই বিষয়ে উত্তরাঞ্চলের সড়ক ও পরিবহন বিভাগের উচ্চপদস্থ আধিকারিক মেহমুদ জানিয়েছেন, “উদ্ধারকারী দলকে সবরকম পরিষ্টিতির মোকাবিলা করতে প্রশিক্ষণ দেওয়া হয়েছে। তাই এটা আমাদের কাছে কোনও উদ্বেগের উচ্চতায় তুষারপাত হতে পারে। মৌসম ভবন সূত্রে রবিবারই জানানো হয়েছিল, পশ্চিমী ঝঞ্ঝার প্রভাবে উত্তরাঞ্চল ও হিমাচল প্রদেশে বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। এ দিনও মৌসম ভবন জানায়, আজ, সোমবার থেকে বৃষ্টিপাত শুরু হবে। হালকা থেকে মাঝারি পরিমাণ বৃষ্টিপাত হতে পারে। বৃষ্টির পরিমাণ বাড়বে

শারীরিক ও মানসিক স্বাস্থ্য নিয়ে। ইতিমধ্যে তাঁদের স্বাস্থ্যের উপর নজর রাখতে ঘটনাস্থলে মোতায়েন করা হয়েছে রোবট। এনিয়ে সেখানে উপস্থিত রোবট বিশেষজ্ঞ মিলিড রাজ জানিয়েছেন, সিক্কিয়ারা টানেলে আটকে পড়া ৪১ জন শ্রমিকদের মানসিক স্বাস্থ্যের উপর নজর রাখা হচ্ছে। ইন্টারনেট পরিবেশাও প্রদান করা হচ্ছে। এই রেসকিউ রোবোটিক সিস্টেম টানেলের ভিতর মিথেনের মতো বিষাক্ত কোনও গ্যাস তৈরি হয়েছে কিনা তাও খুঁজে বের করবে। প্রসঙ্গত, কেন্দ্রের প্রত্যাশার চার ধাম প্রকল্প। এক পথেই কেদারনাথ, বদ্রীনাথ, গঙ্গোত্রী ও যমুনোত্রী যাওয়া যাবে। উত্তরকাশীর সড়ক যোগাযোগে জট হয়ে সিক্কিয়ারা সুড়ঙ্গ তৈরি করা হচ্ছিল। সেই সুড়ঙ্গেই ধস নামতে পারে। আসতে পারে হতুপা বানও। তখন আটকে থাকা ৪১ শ্রমিকের বাঁচার আশা আরও ক্ষীণ হবে।

প্রধানমন্ত্রীকে একবাক্যে দেখতে টাওয়ারে উঠল জনতা, বক্তৃতা থামিয়ে নেমে আসার অনুরোধ মোদীর

হায়দরাবাদ, ২৭ নভেম্বর (হি.স.) : আগামী ৩০ নভেম্বর তেলেঙ্গানায় বিধানসভা নির্বাচন। বিধানসভা নির্বাচনের আগে তেলেঙ্গানায় ভোটার প্রচারে গিয়েছেন প্রধানমন্ত্রী। প্রধানমন্ত্রীকে একবাক্যে দেখতে টাওয়ারে উঠে পড়লেন বেশ কয়েকজন। বিজেপির একজন কর্মী তাঁদের দেখতে পেয়েই বক্তৃতা থামিয়ে দিলেন প্রধানমন্ত্রী। বললেন, “আপনারা কেউ পড়ে গিয়েছেন।”

অভাব-অভিযোগের কথা জানাতে কাণ্ডটি ঘটান ওই তরুণী। সেবারও ওই তরুণীকে নেমে আসতে অনুরোধ করেন মোদি। রীতিমতো

বাবা-বাছা করতে শোনা যায় প্রধানমন্ত্রীকে। পরে সভার নিরাপত্তারক্ষীরা ওই তরুণীকে নামিয়ে আনেন।

ভোট নিয়ে ফের ফুরফুরা শরিফের পিরজাদার তোপ

কলকাতা, ২৭ নভেম্বর, (হি.স.): এবার ভোটপ্রচারের আসরে নামলেন নগণা সিদ্দিকির দাদা আব্বাসও। এবং তা ডায়মন্ড হারবার নিয়ে। যেখানকার সাংসদ তৃণমূলের ‘সেনাপতি’ অভিষেক বন্দোপাধ্যায়। সোমবার সমাজমাধ্যমে একটি ভাইরাল ভিডিওয় আব্বাসকে বলতে শোনা যাচ্ছে, “এই ডায়মন্ড হারবারে ডায়মন্ড বিয়া প্রার্থী দিই, তা হলে আপনারা জেতাবেন তো? আমায় দেখে ভোট দেন। জেতালে প্রতি মাসে আমি এখানে (ডায়মন্ড হারবারে) আসব। সমস্যা শুনব। এবং এক মাসের মধ্যে সমস্যার সমাধান করব।”

আব্বাসের ভোটে লড়াইয়ের কথা বলা অনেক বেশি ‘তাৎপর্যপূর্ণ’ কারণ, তিনি ধর্মীয় নেতা হিসেবে ভোটে প্রার্থী দেওয়ার কথা বলেছেন। যা ডায়মন্ড হারবারের মতো আসনের জন্য অর্থহীন। কারণ সেখানকার জনবিন্যাস ও তার সমীকরণ। আব্বাসের ভাই নগণা সিদ্দিকি ভাঙড়ের আইএসএফ (ইন্ডিয়ান সেকুলার ফ্রন্ট) বিধায়ক। ইতিমধ্যেই তিনি ঘোষণা করেছেন, তাঁর দল চাইলে তিনি ডায়মন্ড হারবার কেন্দ্রে প্রার্থী হবেন।

একটা সময়ে বাংলায় সংখ্যালঘু ভোটে বামদের একচ্ছত্র আধিপত্য ছিল। কিন্তু ২০০৮ সালের পঞ্চায়েত ভোট থেকে তার ক্ষয় হতে শুরু করে। দক্ষিণ ২৪ পরগনা জেলা পরিষদে হাতছাড়া হয় সিপিএমের। বিভিন্ন জেলায় ক্ষমতা দখল করে তৃণমূল। ২০১২ সালের ভোটার আগে ‘সংযুক্ত মোর্চা’র ব্রিগেডে পিরজাদা আব্বাস সিদ্দিকির ‘ভিক্টম’ নয়, হুক চাই! স্লোগান গোটী ব্রিগেডকে আন্দোলিত করেছিল। কিন্তু ভোট ফুরাতেই সে সব স্লোগান কার্যত নটোচ্ছের মতো মুড়িয়ে গিয়েছিল। তার পর থেকে আব্বাসকে খুব একটা রাজনৈতিক কথা বলতে শোনা যায়নি।

কিষাণগঞ্জ বাংলাদেশি পাচারকারীসহ আটক তিন

কিষাণগঞ্জ, ২৭ নভেম্বর (হি.স.) : গোপন তথ্যের ভিত্তিতে কিষাণগঞ্জ সামীতে বিএসএফ জওয়ানরা একজন বাংলাদেশি পাচারকারী সহ দুই ভারতীয় চোরাকারবারীকে আটক করেছে। সোমবার বিএসএফ এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানিয়েছে, গোপন সূত্রে খবর পেয়ে মুরাঘাটের কমাচার সুনীল গার্ডের সাথে ইন্সপেক্টর রাম শিরেমণি এবং জেনারেল ব্রাহ্ম চিত্রের নেতৃত্বে একটি দল যৌথভাবে তদন্ত চালিয়ে।



সোমবার টিইআইপিএসি'র উদ্যোগে এক সাংবাদিক সম্মেলনে আয়োজন করা হয়। ছবি- নিজস্ব।

NIT No: E-PT-31/EE/RD/MNU/D/2023-24, dt 24-11-2023
On behalf of the Governor of Tripura, the Executive Engineer, R D Manu Division, Government of Tripura invites percentage rate separate e-tender (both Technical and Financial bid) for 4 nos of Consturction & 1 no Mtc. work under R D Manu Division from the eligible bidders Up to 08/12/2023 at 2.00 PM as per following terms condition as well as DNIT. For details visit website https://tripuratenders.gov.in and contact at M-9436124338. Any subsequent correspondence will be available in the website only

ICA/C-3313/23 For and on behalf of Governor of Tripura
Er. Subhendu Debbarma
Executive Engineer
RD, Manu Division Dhalai

হরেকরকম হরেকরকম হরেকরকম

এই ৬ ফল রসে ভরপুর, গরম পড়ছে খাওয়া শুরু করুন



ফলের মধ্যে প্রচুর পরিমাণ ভিটামিন আর মিনারেল থাকে। যা শরীরকে যাবতীয় রোগের হাত থেকে দূরে রাখে। যে কারণে সব চিকিৎসকেরাই রোজ ফল খাওয়ার পরামর্শ দেন। গরমের বেশির ভাগ ফলই রসালো। এবছর ফেব্রুয়ারির শেষ থেকেই বেশ গরম পড়তে শুরু করেছে। মার্চ থেকে রোদ-দরমের জ্বালায় সকলেই অস্থির। বেলা দশটার পর বাড়ির বাইরে বেরনো খুবই অসুবিধের।

আর কয়েকদিনে পরিস্থিতি আরও খারাপ হওয়ার আশঙ্কা। অর্থাৎসময়ের সঙ্গে সঙ্গে গরম বাড়বে। আর তাই হিট স্ট্রোক এড়াতে আজ থেকেই এই সব ফল খাওয়া শুরু করুন। যদি দ্রুত হৃদস্পন্দন, মাথা ঘোরা, ক্লান্তি, পেশীতে ক্র্যাম্প, বমি বমি ভাব, মাথা ব্যথার মত উপসর্গ থাকে তাহলে কিন্তু সাবধান। সেই সঙ্গে শরীরে

জলের পরিমাণও ঠিক থাকে। কিউই - কিউই ফলটি বাইরের হলেও এর মধ্যে রসে ভরা। এখন বাজারে প্রচুর পরিমাণে পাওয়া যায়। গরমে পেট ঠান্ডা রাখতে খুব ভাল কাজ করে কিউই। আর কিউইর মধ্যে থাকে প্রচুর পরিমাণ ভিটামিন সি। যা শরীরে রোগ প্রতিরোধক ক্ষমতা বাড়িয়ে তোলে। যাদের হাড় দুর্বল তারা যদি রোজ কিউই খান তাহলে খুবই ভাল।

কমলা - আজকাল বাজারে সারা বছরই কমলালেবু পাওয়া যায়। এই কমলার মধ্যে থাকে প্রচুর পরিমাণ ভিটামিন সি। কমলালেবুর মত এখন বাজারে পাওয়া যায় মাল্টা, অরেঞ্জ। এই লেবুর রস করে খেতে পারলে খুবই ভাল কাজে দেয়। এছাড়াও ত্বক আর চুলের যত্ন নিতেও তা সাহায্য করে।

তরমুজ - গরমে তরমুজের উপকারিতাই আলাদা। আজকাল

মুরগির মাংসের কালাভুনা

রবিবার মানেই বাড়িতে জমিয়ে খাওয়া-দাওয়া। সেই কবে থেকে বাঙালি বাড়িতে এই ট্র্যাডিশ্যান চলে আসছে। এই দিনটার মানে যাওয়ার তাড়া থাকে না। দিন একটু দেরিতেই শুরু হয়। ঘুম থেকে উঠে গরম গরম লুচি-আলুর তারকারি খেয়ে বড় থলে হাতে বাজার যাওয়া। তারপর গুছিয়ে সপ্তাহের বাজার করে, মাংস কিনে বাড়ি ফেরা। তারপর জমিয়ে দুপুরের খাবার খাওয়া। সপ্তাহের অন্যদিন ভাত, ডাল, মাছ খেলেও এদিন একটু গরম ভাত আর ধোঁওয়া গুঠা মাংসের খোল ছাড়া চলে না। আদা, রসুন, পেঁয়াজ আর গরম মশলা দিয়ে মাংস তো খাওয়া হয় তবে আজকের দিনে ভাত ছেড়ে অল্প করে পোলাও বানিয়ে নিন।

সঙ্গে থাক মাংসের কালা ভুনা। কড়াইগুটি এবার বাজার থেকে প্রায় চলে যাওয়ার মুখে। আর তাই যেটুকু কড়াইগুটি পাচ্ছেন তাই দিয়েই বানিয়ে নিন পোলাও। চিকেনের লেগ পিস নিয়ে আসুন। এবার ওই চিকেন দিয়েই বানিয়ে নিন কালাভুনা। মূলত বাংলাদেশের রান্না এটি। মাটন আর বিফ দিয়ে বানানো হলেও এখন চিকেন দিয়েও বানানো হয় এই কালাভুনা। যা যা লাগছে চিকেন ৫০০ গ্রাম পেঁয়াজের স্লাইস- বড় ও টে পেঁয়াজ নিন



খাদ্যরসিকদের জন্য নতুন ভাবনায় স্টার্টআপ

পিন আর টাকার অঙ্ক দিলেই এটিএম থেকে বেরিয়ে আসে টাকা। এটা ছেড়া পুথিবীর সব এটিএমে হয়ে থাকে। কিন্তু চেম্বাইয়ের এক স্টার্টআপ কোম্পানি এমন এটিএম এনেছে, যেখান থেকে টাকা নয়, বিরিয়ানি বেরোয়। শুনতে অবাক লাগছে? মনে হচ্ছে যেন বিরিয়ানির ভেজি মেশিন? একটুও ভুল ভাবছেন না। বরং এই ভেজি মেশিন হচ্ছে আদতে বিরিয়ানির এটিএম মেশিন।

সম্পূর্ণরূপে অটোমেটেড টেলার মেশিন না হলেও এই যন্ত্র থেকে আপনি অনায়াসে বিরিয়ানি পেতে পারেন।

রোস্টারীর নাম বাই ভেতু কালওয়ান। ভারতের প্রথম টেকস্টার্টআপ যেকোনো নৈই কোণ্ড মানুষ। কোণ্ড ওয়েটার। রোস্টারী জুড়ে রয়েছে এটিএমের মতো দেখতে

এবার নববর্ষে বাঙালিয়ানায় আনুন রাজস্থানী ছোঁয়া

বাঙালির নববর্ষে সুস্বাদু মিষ্টি-সন্দেশ থাকবে না, তা কখনও হতে পারে? পরিবারকে নিয়ে হালখাতা করতে যাওয়া, নতুন পোশাক পরা, রোস্টারীর বাঙালিয়ানা খালিতে কবজি ডুবিয়ে পেটপুজোর করার অর্থই হল বাঙালির নববর্ষ পালন করা। তবে বর্তমানে বাঙালিয়ানায় যোগ হয়েছেন ফিউশন রান্না। দেশ-বিদেশের নানা খাবারের সঙ্গে বাঙালি ছোঁয়ায় তৈরি করা হয় অন্য স্বাদের অচেনা খাবার।



তবে নববর্ষের সময় সব বাঙালিই পুরনো আমলের দাদু-ঠাকুরমার হাতে রান্না খেতেই পছন্দ করেন। আধুনিক যুগে সময়ের অভাবে ভিন্ন স্বাদের রেসিপি বানাতে সুযোগ পান না অনেকেই। তাই বাঙালি খাবারের পাশাপাশি অন্য রাজ্যের সুস্বাদু ও সহজ রেসিপি আদান-প্রদান ঘটেছে। সেইসব রেসিপি মাঝে ডেজার্ট হল অন্যতম। যদি খাঁটি দেশি মিষ্টি বানাতে চান তাহলে এবছর রাজস্থানী লাপসি তৈরি করতে পারেন।

খাঁটি রাজস্থানী লাপসি চেখে দেখলে এর সুস্বাদু স্বাদ কখনও ভোলার নয়। বাড়িতে যদি ভিন্ন স্বাদের রেসিপি ট্রাই করার অভ্যাস থাকে তাহলে এই ডেজার্টের রেসিপি অবশ্যই বুকমার্ক করে রাখুন। লাপসি হল একপ্রকার হালুয়া। আটা বা সূজি দিয়ে যদি তৈরি করা হয় না লাপসি, এটি সাধারণত ভাজা গম বা চাল দিয়ে প্রস্তুত করা হয়। সহজ কথায় ডালিয়া দিয়ে আলাদা স্বাদের হালুয়া। খাঁটি দেশি ঘি, গুড়,

রান্না করা বাড়তি পাস্তা ফেলে দিচ্ছেন? রকমারি ব্যবহার



প্রাতঃরাশ হোক কিংবা সন্দের হালকা খাবার বা রাতের অনেকেই আজকাল বাড়িতেই পাস্তা বানিয়ে নেন। কিন্তু খাওয়ার পর বুকলেন অনেকটা বেশি রান্না করা হয়ে গিয়েছে। অতিরিক্ত রান্না করা পাস্তা ফ্রিজে রেখে দেওয়া যেতে পারে। কিন্তু অনেকেই দাবি, তা আর আগের মতো স্বাদে ভরপুর থাকে না।

তাই বাড়ির খুদে সদস্য হোক কিংবা বড়রা কেউই আর খেতে চান না। চড়া ভ্রবামূল্যের বাজারে খাবার ফেলে দেবেন, তা হয় নাকি? পরিবর্তে রান্না করা অতিরিক্ত পাস্তা দিয়ে তৈরি করে নিন অন্য লোভনীয় পদ। আপনার জন্য রইল টিপস।

পাস্তা টোস্ট

বেঁচে যাওয়া পাস্তা দিয়ে তৈরি করতে পারেন পাস্তা টোস্ট। দু'টি পাউরুটি নিন। এবার সেগুলিতে ভাল করে গার্লিক বাটার মাখিয়ে নিন। পাউরুটির ভিতরে দিন রান্না করা পাস্তা এবং চিজ। একটু গরম করে নিন। ব্যাস, পাস্তা টোস্ট তৈরি।

পাস্তা চিজ বল

সন্দের চায়ের সঙ্গে অনায়াসে পরিবেশন করার মতো পাস্তা চিজ বলও তৈরি করে নিতে পারেন। একটি পাস্তা নিন। তাতে দিন চিলি ফ্লেস, সামান্য লেবুর রস এবং চিজ। ভাল করে মেশে নিন। এবার গোল গোল করে বলের আকারে

গড়ে নিন। অপর একটি পাস্তে বিস্কুট কিংবা পাউরুটি গুঁড়ো নিন। এবার তাতে গোল বলগুলি দিন। তারপর ডুবন্ত তেলে ভেজে নিন। পাস্তা মাফিন

একটি বেকিং ট্রে নিন। বেকিং ট্রে-তে পাস্তা দিন। সঙ্গে দিন চিজ এবং পার্সলে পাস্তা। ৩-৫ মিনিট মাইক্রোওয়েভে বেক করে নিন। মাফিন তৈরি। এবার পরিবেশন করুন।

পাস্তা পিতা

পিতা ব্রেড নিন। এবার তার উপর পাস্তা দিন। সঙ্গে দিতে পারেন সবজি। পিতা সস দিতেও ভুলবেন না। ৩-৫ মিনিট বেক করলেই পাস্তা পিতা তৈরি।

পাস্তা স্যালাদ

আপনি কি মেপে মেপে খাবারদাবার খান। তবে স্যালাদ তো আপনার খাদ্যতালিকায় থাকবেই। তাই রান্না করা পাস্তা দিয়ে তৈরি করে নিতে পারেন স্যালাদ। কীভাবে বানানো? একটি পাত্র নিন। তাতে বেঁচে যাওয়া পাস্তা দিন। তার উপর একে একে শশা, টমেটো, লেটুস পাতা, ক্যাপসিকাম দিন। ভাল করে নাড়াচাড়া করুন। স্বাদমতো গোলমরিচ এবং নুন দিলেই তৈরি স্যালাদ।

আর বেঁচে যাওয়া ভুলেও ফেলে দিবেন না। পরিবর্তে উপরের এই পদগুলি রান্না করুন। আর এই সুস্বাদু খাবার খেলে বাড়ির প্রত্যেক

বিশ্বজুড়ে মৃত্যুর সবচেয়ে বড় কারণ হল হৃদরোগ

বিশ্বজুড়ে মৃত্যুর সবচেয়ে বড় কারণ হল হৃদরোগ। উচ্চ রক্তচাপ, কোলেস্টেরল, প্রদাহের সমস্যা থাকলে সেখান থেকে বাড়ে হৃদরোগের ঝুঁকি। সম্প্রতি প্রকাশিত এক সমীক্ষা অনুসারে কোলেস্টেরল ও রক্তচাপ নিয়ন্ত্রণে রাখতে এবং হার্টকে সুস্থ রাখতে ভূমিকা আছে রসুনের। গবেষণায় দেখা গিয়েছে রসুনের সঙ্গে লেবুর রস খেলেও কোলেস্টেরল দ্রুত হারে কমতে থাকে।

এছাড়াও রসুন শরীরে রোগ প্রতিরোধক ক্ষমতা বাড়ায়। সেই সঙ্গ উচ্চ রক্তচাপ, কোলেস্টেরলের হাত থেকেও রক্ষা করে। রসুনের মধ্যে যে অ্যান্টি ইনফ্ল্যামেটরি গুণ থাকে তা শরীরের জন্য খুবই ভাল। শরীরে ভাল এবং খারাপ এই দুই রকম

ফলের রস তৈরির সময় এই ৫ ভুল করলে বাড়তে পারে ব্লাড সুগার



গরম বাড়ছে। এখন শরীরকে সুস্থ রাখতে গলে হাইড্রেটেড থাকতে হবে। আর তার জন্য প্রচুর পরিমাণে তরল খাবার খেতে হবে। অর্থাৎতাদের জল, ফলের রসের উপর বেশি জোর দিতে হবে। যদিও বছরের যে কোনও সময় আপনি ফলের রস পান করতে পারেন। ফলের রস শুধু শরীরকে হাইড্রেটেড রাখতে সাহায্য করে, তা নয়। ফলের রসে প্রচুর পরিমাণে ভিটামিন, মিনারেল ও অ্যান্টিঅক্সিডেন্ট থাকে।

এটি শরীরে পুষ্টির চাহিদা পূরণ করে। তবু আমরা ফলের রস বা জুস তৈরির সময় ছোটখাটো ভুল করে ফেলি, যার মাগুল দিতে হয় বড়সড়। বিশেষত ডায়াবেটিস রোগীদের জন্য ক্ষতিকর প্রমাণিত হতে পারে। তাই জুস তৈরির সময় কোন ভুল এড়িয়ে যাবেন, দেখে নিন

তাজা ফলের রস পান করুন- সবসময় তাজা জুস পান করার চেষ্টা করুন। এমনকী এক ঘণ্টা আগে তৈরি জুসও পান করা উচিত নয়। এতে ফলের রস পুষ্টি হারাতে শুরু করে। পুষ্টিবিদের মতে, ফলের রস তৈরি করার পরই খেয়ে নেওয়া উচিত। একাধিক ফল ব্যবহার করবেন না- ফলের মধ্যে বেশ ভাল পরিমাণে শর্করা থাকে। সুতরাং, তিন-চার ধরনের ফল একসঙ্গে রস করে খাওয়া একদমই উচিত নয়। এতে ফলের কোনও গুণই পাওয়া যায় না। উল্টে রসে শর্করার মাত্রা বেড়ে যেতে পারে। এই ভুল করা থেকে ডায়াবেটিসের রোগীদের সতর্ক থাকা উচিত। চেষ্টা করুন যে কোনও এক ধরনের ফল উপর নির্ভর করুন।



সোমবার ত্রিপুরা অসম্মতিত অমিক কংগ্রেস এর পক্ষে এক ডেপুটেশন প্রদান করা হয়। ছবি- নিজস্ব।

বুধবার ধর্মতলায় বিজেপির মহা সম্মেলনের প্রস্তুতি তুঙ্গে

কলকাতা, ২৭ নভেম্বর (হি.স.): বুধবার ধর্মতলায় মহা সম্মেলন বিজেপির। ১০০ দিনের কাজের টাকা নিয়ে তৃণমূলের 'বঞ্চনা' আন্দোলনের পাল্টা হিসেবে ২১ জুলাইয়ের সভাস্থলেই সমাবেশের আয়োজন করেছে বঙ্গ বিজেপি। প্রধান অতিথি হিসেবে আমন্ত্রণ জানানো হয়েছে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহকে। বুধবার ভিক্টোরিয়া হাউসের সামনে বিজেপির সেই সভায় হাজির থাকবেন শাহ, সোমবার তিনি সফরের কথা নিশ্চিত করেছেন বলে সূত্রের খবর।

এর পর পূর্ণ প্রস্তুতি শুরু হয়ে গিয়েছে সমাবেশকে সর্বতোভাবে সফল করতে। কলকাতা-সহ রাজ্যের বিভিন্ন জেলায় প্রচার চলছে সমাবেশে হাজিররা জন্য। তবে বিভিন্ন রাজ্যের বিধানসভা ভোটে প্রচারের কাজে তিনি ব্যস্ত। তাই কলকাতায় বসন্ত বাটিকা সফরে আসছেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী।

সূত্রের খবর, আগামী বুধবার বেলা ১১টা ও নাগাদ দিল্লি থেকে ভারতীয় বায়ুসেনার বিমানে কলকাতার উদ্দেশ্যে রওনা দেবেন অমিত শাহ। কলকাতা বিমানবন্দরে তা পৌঁছানোর কথা দুপুর ১টা নাগাদ। এর পর কলকাতা বিমানবন্দর থেকে হেলিকপ্টারে করে রেসকোর্সের রয়্যাল ক্যালকাটা টার্ন কোর্সে নামবেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী।

সেখানে থেকে গাড়ি করে আসবেন ধর্মতলায় বিজেপির সভা মঞ্চ অর্থাৎ ভিক্টোরিয়া হাউসের সামনে। দুপুর ২টা থেকে মঞ্চে বক্তব্য রাখতে পারেন অমিত শাহ। সেখানে বিকেল ৩টা ১৫ মিনিট পরাশ্রয় থাকার কথা। তার পর একই পথে ফের দিল্লির উদ্দেশ্যে রওনা দেবেন তিনি। ৩টা ৪৫ মিনিট নাগাদ কলকাতা থেকে দিল্লিগামী বিমান রয়েছে। সন্দের মধ্যে দিল্লি পৌঁছে যাবেন শাহ।

ডোডায় নিয়ন্ত্রণ হারিয়ে গভীর খাদে পড়ল গাড়ি, মৃত্যু দুই জনের

ডোডা, ২৭ নভেম্বর (হি.স.): সোমবার জম্মু ও কাশ্মীরের ডোডা জেলার গুন্দানা তহসিলের তানতানা এলাকায় একটি গাড়ি গভীর খাদে পড়ে যায়। মৃত্যু হয়েছে দুইজনের। চালক গুরুতর আহত। তথ্য অনুযায়ী, সোমবার একটি গাড়ি ঠাণ্ডার থেকে গুন্দানার দিকে যাচ্ছিল। গাড়িটি তানতানার কাছে পৌঁছানোে চালক গাড়ির নিয়ন্ত্রণ হারিয়ে ফেলে এবং গাড়িটি পায়ের ২৫০ ফুট গভীর খাদে পড়ে যায়। এসএসপি ডোডা আব্দুল কাইয়ুম দুর্ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেন, ভোর ৫টার দিকে তানতানা-গুন্দানা সড়কে এ দুর্ঘটনা ঘটে। তিনি বলেন, দুর্ঘটনায় ঘটনাস্থলেই দুই ব্যক্তি মারা যায় এবং চালক আকিৎ ওলজার আহত হন। তাকে জিএমসি ডোডায় স্থানান্তরিত করা হয়। নিহতরা হলেন, কৌথালের মীর আলী ও ডাভিভালার জাফরুল্লাহ। ডোডা থানায় একটি মামলা দায়ের করা হয়েছে।

গাজায় সেনার সঙ্গে দেখা করে হামাসকে নিঃশেষ করার ডাক ইজরায়েলি প্রধানমন্ত্রীর

গাজা, ২৭ নভেম্বর (হি. স.): চারদিনের যুদ্ধবিরতি শেষ হওয়ার আগেই রবিবার ইজরায়েলের সেনার সঙ্গে দেখা করতে গাজায় গিয়েছিলেন সেনাদের প্রধানমন্ত্রী বেঞ্জামিন নেতানিয়াহ। গাজায় গিয়ে ইজরায়েলি সেনার উদ্দেশ্যে নেতানিয়াহ সাফ জানিয়ে দিয়েছেন, কেউ আটকাতে পারবে না। আমরা না জিতে থাকব না। সেই সঙ্গে এটাও নিশ্চিত করতে হবে, গাজা যেন ইজরায়েলের বিপদের কারণ হয়ে উঠতে না পারে। হামাসকে নিঃশেষ করে ফেলতে হবে। যুদ্ধ শেষ হতে এখনও অনেক বাকি। হামাসের সঙ্গে চারদিনের সংঘর্ষবিরতি শেষ হচ্ছে সোমবার। তার আগের দিনই সটান যুদ্ধক্ষেত্রে গিয়ে সেনার সঙ্গে

দেখা করলেন নেতানিয়াহ। কমান্ডারদের সঙ্গে আলাদা করে কথাও বলেন। গাজায় যুদ্ধপরিস্থিতি সম্পর্কে প্রধানমন্ত্রীকে বিস্তারিত তথ্য দেন সেনা আধিকারিকরা। সেই ভিডিও পোস্ট করা হয় নেতানিয়াহর এঞ্জ হ্যান্ডেল থেকেই। ভিডিও থেকেই শোনা যায়, সেনার উদ্দেশ্যে বিশেষ বার্তা দিচ্ছেন নেতানিয়াহ। তিনি বলেন, “আমরা একেবারে শেষ পর্যায়ে লড়ে যাব, যতক্ষণ না জিতছি।” ভিডিওতে নেতানিয়াহকে বলতে শোনা যায়, “কেউ আমাদের খামতে পারবে না। শক্তি, ক্ষমতা, ইচ্ছা, নিষ্ঠা-সবকিছুই রয়েছে আমাদের। যুদ্ধে সাফল্য পেতেই আমরা লড়াই চালিয়ে যাব। এই যুদ্ধে আমাদের

তিনটে লক্ষ- হামাসকে শেষ করতে হবে, পনবদিদের ফেরাতে হবে। সেই সঙ্গে নিশ্চিত করতে হবে যেন গাজা থেকে ইজরায়েলের উপর আর হামলা হতে না পারে।” হামাসের হাতে আটক পনবদিদের সকলকে ফিরিয়ে আনার চেষ্টা চলছে বলেও জানান নেতানিয়াহ। অন্যদিকে, সোমবারই শেষ হবে চারদিনের সংঘর্ষবিরতি। যদিও হামাস চাইছে এই সংঘর্ষবিরতির মেয়াদ আরও বাড়ানো হোক। সূত্রের খবর, সোমবার মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেনের সঙ্গে কথা বলতে পারেন নেতানিয়াহ। উল্লেখ্য, চারদিনে ৫০ জন পনবদিদের মুক্তি দেওয়ার কথা বলেছিল হামাস। ইতিমধ্যেই ৪২ জনকে মুক্তি দিয়েছে তারা।

‘কাকুর’ কণ্ঠস্বর পেতে এবার এসএসকেএমের নয়া বাধা, ‘মানসিক চাপ’

কলকাতা, ২৭ নভেম্বর (হি.স.): নিয়োগ দুর্নীতিতে ধৃত পার্থ চট্টোপাধ্যায়ের মত ‘কাকু’ কেও ভুবনেশ্বর এমসে নিয়ে গিয়ে স্বাস্থ্য পরীক্ষা করানোর বিষয়টি খতিয়ে দেখা হচ্ছে ইডি। কারণ, পার্থবাণুর অসুস্থতার মত অজহাত দেখা যাচ্ছে ‘কালীঘাটের কাকু’র ক্ষেত্রেও। সোমবার ইডি সূত্রে এ খবর জানা যায়। মানসিক চাপে রয়েছেন ‘কালীঘাটের কাকু’ ওরফে সুজয়কৃষ্ণ ভদ্র। সেই কারণেই তিনি গলার স্বরের নমুনা দিতে পারছেন না। এমনিটাই দাবি তুলেছেন এসএসকেএম হাসপাতাল কর্তৃপক্ষের। যা নিয়ে সন্দেহ প্রকাশ করেছে ইডি।

ইডি-র অভিযোগ, অকারণে এই প্রক্রিয়াটিতে দেরি করিয়ে দেওয়ার হচ্ছে। হাসপাতাল কর্তৃপক্ষ নমুনা সংগ্রহ না করার জন্য যে যুক্তিগুলি দিচ্ছেন, তা ভিত্তিহীন। যে মেডিক্যাল বোর্ড ‘কালীঘাটের কাকু’কে দেখাচ্ছে, তার নিরপেক্ষতা, স্বচ্ছতা নিয়েও প্রশ্ন উঠছে। আদালতে ইডি এ বিষয়ে গভীর উদ্বেগ প্রকাশ করেছে। তাদের অভিযোগ, স্বরের নমুনা নিতে বাধা দিয়ে এসএসকেএম কর্তৃপক্ষ আসলে ইডির কাজে এবং বিচারপ্রক্রিয়াতেই বাধা দেওয়ার চেষ্টা করছেন।

সিবিআইয়ের বিশেষ আদালত নির্দেশ দেয়, সুজয়ের গলার স্বরের নমুনা সংগ্রহ করা সম্ভব কি না, তা মেডিক্যাল বোর্ড গড়ে খতিয়ে দেখবেন ইএসআই কর্তৃপক্ষ। হাসপাতালের ডিএন মেডিক্যাল বোর্ড গঠনের বিষয়টি তত্ত্বাবধান করবেন অতীতেও এসএসকেএম হাসপাতালের ডুমিকা নিয়ে প্রশ্ন তুলেছিল কেন্দ্রীয় সংস্থা। রাজ্যের প্রাক্তন শিক্ষামন্ত্রী পার্থ চট্টোপাধ্যায় যখন এই হাসপাতালে ভর্তি ছিলেন, সে সময়ে হাসপাতালের সিদ্ধান্ত এবং বক্তব্য নিয়ে সন্দেহ প্রকাশ করেছিলেন তদন্তকারী সংস্থার আধিকারিকেরা। ভুবনেশ্বর এমসে নিয়ে গিয়ে পার্থের স্বাস্থ্য পরীক্ষা করানো হয়। ‘কাকু’র ক্ষেত্রেও আদালতে এসএসকেএমের পরিবর্তে ইএসআই হাসপাতালের পক্ষে সওয়াল করেছিল ইডি।

খেজুরিতে শুভেন্দুর ডাকা ১২ ঘণ্টার বন্ধে বিপর্যস্ত জনজীবন

পূর্ব মেদিনীপুর, ২৭ নভেম্বর (হি.স.): খেজুরির বিজেপি নেতা রবীন্দ্র মাসার গ্রেফতারির প্রতিবাদে পূর্ব ঘোষণামতো সোমবার খেজুরিতে ১২ ঘণ্টার বন্ধ পালন করছে বিজেপি। শনিবার রাতেই সাংবাদিকদের মুখোমুখি হয়ে শুভেন্দুবাবু সোমবার খেজুরিতে হরতালের ঘোষণা করেছিলেন। এ দিন বিভিন্ন জায়গায় রাস্তায় গাছের গুঁড়ি ফেলে অবরোধের জেরে কার্যত বিপর্যস্ত জনজীবন। বন্ধ তুলতে গেলে পুলিশের উপরেও চড়াও হওয়ার অভিযোগ ওঠে বিজেপির নেতা-কর্মীদের বিরুদ্ধে। তাঁদের দাবি, পুলিশের “অতিসক্রিয়তা”র বিরুদ্ধেই এই আন্দোলনে স্বতঃস্ফূর্ত ভাবে शामिल হয়েছেন সাধারণ মানুষ। অন্য দিকে, তৃণমূলের দাবি, গায়ের জোরে বন্ধ পালন করছে বিজেপি। এলাকায় সন্ত্রাসের পরিবেশ বজায় রাখতেই এই বন্ধ বলে দাবি শাসকদলের।

শনিবার বিকেলে খেজুরির বাঁশগোড়া বাজারে বিজেপির কর্মসূচি শুরু হওয়ার আগে দলের মণ্ডল সম্পাদক রবীন্দ্রকে গ্রেফতার করে খেজুরি থানার পুলিশ। অভিযোগ, সাদা পোশাকে তাঁকে গ্রেফতার করা হয়। সভাশেষে

দলের নেতার গ্রেফতারির খবর শুনে খেজুরি থানা এবং হেঁড়িয়া তদন্ত কেন্দ্রে যান স্থানীয় বিধায়ক শান্তনু প্রামাণিক এবং বিজেপির একাধিক নেতা। যদিও দু’টি থানাতেই ধৃতের কোনও সন্ধান জানা যায়নি। এর পর জানা যায়, রবীন্দ্রকে মারিশদা থানায় রাখা হয়েছে। শনিবার রাত সওয়া ১০টা নাগাদ মারিশদা থানায় যান বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। তিনি সরাসরি থানার ভিতরে ঢুকে কর্তব্যরত পুলিশ আধিকারিকের কাছে ধৃত দলীয় কর্মীর অ্যারেস্ট মোমা দেখতে চান।

বিআরএস ক্ষমতায় এলে, “খামারবাড়ি” থেকে সরকার চালাবে : প্রিয়াঙ্কা গান্ধী বচরা
হায়দরাবাদ, ২৭ নভেম্বর (হি.স.): বিআরএস ক্ষমতায় এলে, “খামারবাড়ি” থেকে সরকার চালাবে বলে কটাক্ষ করেন প্রিয়াঙ্কা গান্ধী বচরা। তিনি সোমবার মুখ্যমন্ত্রী কে চন্দ্রশেখর রাও-এর নেতৃত্বাধীন শাসনকে আক্রমণ করেন। তিনি অভিযোগ করেন যে, বিআরএস-এর সমস্ত বড় নেতারা খামারবাড়িতে বসে সরকার চালাবে, গরিবরা আরও দরিদ্র হবে আর ক্ষমতাসীন দল আরও ধনী হবে। হায়দরাবাদ থেকে প্রায় ৫০ কিলোমিটার দূরে ভঙ্গীয়ে একটি নির্বাচনী সমাবেশে ভাষণ দেওয়ার সময় সোমবার প্রিয়াঙ্কা গান্ধী বচরা এই মন্তব্য করেন। তিনি অভিযোগ করেন, যদি বিআরএস ক্ষমতায় আসে, তাহলে সরকার ‘খামারবাড়ি’ থেকে চলবে। শুধু তাই নয়, জমির মদ মাফিয়ারা রাজ্য শাসন করার সেখানে কোনও কর্মসংস্থানের সমাধান থাকবে না।

মুম্বইয়ের জলগাঁওয়ে গাড়ি খাদে পড়ে মৃত চার, আহত সাত

মুম্বই, ২৭ নভেম্বর (হি.স.): মুম্বইয়ের জলগাঁও জেলায় গাড়ি খাদে পড়ে চারজনের মৃত্যু হয়েছে। সাতজন আহত হয়েছেন। সোমবার ভোরবেলা জলগাঁও জেলার চালিসগাঁওয়ে কম্বড় ঘাটে একটি গাড়ি খাদে পড়ে এই দুর্ঘটনাটি ঘটে। আহত সকলকে স্থানীয় হাসপাতালে চিকিৎসার জন্য ভর্তি করা হয়েছে। পুলিশ জানিয়েছে, রবিবার মালগাঁও থেকে কিছু মানুষ ভগবানের দর্শনের জন্য আকালকোট গিয়েছিলেন। সোমবার ভোরে কম্বড় ঘাটে ফেরার সময় ঘন কুয়াশা ও অন্ধকারের কারণে তাঁদের গাড়ি নিয়ন্ত্রণ হারিয়ে রাস্তা থেকে খাদে পড়ে যায়। ঘটনাস্থলেই চারজনেই মৃত্যু হয়েছে, মৃতদের নাম, প্রকাশ গুলাবরাও শিরকে(৬৫), শিলাবাই প্রকাশ শিরকে(৬০), বৈশালী ধর্মেন্দ্রে সুর্যবংশী(৩৫) পূর্বা গণেশ দেশমুখ(৮)। পুলিশ ঘটনাস্থলে পৌঁছে আহতদের স্থানীয় হাসপাতালে ভর্তি করেছে। পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে।

‘পিআরএসআই’ জাতীয় পুরস্কার বিজয়ী এনএইচপি সিলিমিটেড

নয়াদিল্লি, ২৭ নভেম্বর (হি.স.): এনএইচপি সিলিমিটেড ভারতের শীর্ষস্থানীয় জলবিদ্যুৎ কোম্পানি, ‘পিআরএসআই’ জাতীয় পুরস্কার, ২০২৩ জিতেছে। ‘পিআরএসআই’ জাতীয় পুরস্কার ২০২৩-এর ‘বার্ষিক প্রতিবেদন’ বিভাগের অধীনে এনএইচপি সিলিমিটেড জিতেছে। ২০২৩ সালের ২৫ থেকে ২৭ নভেম্বর নয়াদিল্লিতে পাবলিক রিলেশন সোসাইটি অফ ইন্ডিয়া (পিআরএসআই)-র আয়োজিত আন্তর্জাতিক জনসংযোগ উৎসবে এই পুরস্কার প্রদান করা হয়। পুরস্কারটি এনএইচপি সিলিমিটেডের বার্ষিক রিপোর্ট ২০২২-২৩ অনুযায়ী প্রদান করা হয়েছে। কাজের পরিকল্পনার সামগ্রিক ভালো মান, কর্মক্ষমতা এবং শ্রেষ্ঠত্বকে বিচার করে এই পুরস্কার প্রদান করা হয়েছে।

বিজেপি ক্ষমতায় এলে হায়দরাবাদের নাম পরিবর্তন করে ভাগ্যানগর রাখা হবে : জি কিষণ রেড্ডি

হায়দরাবাদ, ২৭ নভেম্বর (হি.স.): কেন্দ্রীয় মন্ত্রী এবং তেলেঙ্গানায় বিজেপির সভাপতি জি কিষান রেড্ডি সোমবার বলেন, তাঁর দল রাজ্যে ক্ষমতায় এলে হায়দরাবাদের নাম পরিবর্তন করে “ভাগ্যানগর” করা হবে। সোমবার সাংবাদিকদের উদ্দেশ্যে তিনি একথা বলেন। রেড্ডি আরও বলেন, মাদ্রাজ, বোম্বে এবং ক্যালকাটা মতো শহরের নামও পরিবর্তন করা হয়েছে। সাংবাদিকদের প্রশ্নের উত্তরে তিনি বলেন, হ্যাঁ, অবশ্যই, বিজেপি সরকার ক্ষমতায় এলে (আমরা) হায়দরাবাদের নাম পরিবর্তন করব। আমি জিজ্ঞেস করছি হায়দার কে? হায়দারের নাম কি আমাদের দরকার? যদি বিজেপি ক্ষমতায় আসে, অবশ্যই (আমরা) হায়দারকে সরিয়ে দেব এবং ভাগ্যানগর নাম পরিবর্তন

স্বদেশিদের বোঝানোর ব্যর্থ চেষ্টা চঞ্চলের, বাংলাদেশে জোরালো হচ্ছে তাঁকে বয়কটের ডাক

আশোক সেনগুপ্ত কলকাতা, ২৭ নভেম্বর (হি.স.): বিশ্বকাপ ক্রিকেটের ফাইনালে ভারতের পরাজয়ে বাংলাদেশে যে উৎসব চোখে পড়েছে, তাতে চরম ক্ষুব্ধ এ পারবাংলার একটা বড় অংশ। বাংলাদেশের জনপ্রিয় অভিনেতা স্বদেশিদের এই ভারত-বিরোধী মনোভাবের সমালোচনা করেছেন। ফলে গুদেছে ক্রমেই বাড়ছে তাঁকে বয়কটের ডাক। কেউ কেউ ভারতের গোয়েন্দাসংস্থা ‘ব’-এর চর বলেও অভিযোগ তুলছেন।

বাংলাদেশের জনপ্রিয় অভিনেতা স্বদেশিদের এই ভারত-বিরোধী মনোভাবের সমালোচনা করেছেন। ফলে গুদেছে ক্রমেই বাড়ছে তাঁকে বয়কটের ডাক। কেউ কেউ ভারতের গোয়েন্দাসংস্থা ‘ব’-এর চর বলেও অভিযোগ তুলছেন।

লাইক পড়েছে যথাক্রমে ১ হাজার ৯০০ ও ২ হাজার ২০০। মন্তব্য পড়েছে হাজারখানেক করে। এর সিংহভাগে বাংলাদেশিরা তুলোথোনা করেছেন চঞ্চল, সেই সঙ্গে ভারতকে। বড় মাপের সংগৃহিত যে পোস্ট সজিব খান শেয়ার করেছেন, তার প্রথম পরিচ্ছেদে লেখা, “চঞ্চল চৌধুরীরা ভুলে যান বাংলাদেশ একটি স্বাধীন-সার্বভৌম রাষ্ট্র। এ দেশের মানুষেরা স্বাধীন। খেলায় প্রতিবেশী দেশকে সমর্থন করতেই হবে, এমন কোনো বাধ্যবাধকতা নেই। ইন্ডিয়ানরা কি বাংলাদেশ চঞ্চলের মন্তব্য, “খেলোকে আর মানুষ শুধু মাঠের মধ্যেই সীমাবদ্ধ রাখছে না। এটিই আমার খারাপ লাগার জায়গা। খেলাতে হার-জিত থাকেই, তবে সেটার ফলে এমন হিংসার ছবি প্রকাশ্যে আসা কাম্য নয়। বাংলাদেশে অনেক ভারত বিদ্রোহী আছে, এটা তো অস্বীকার করার জায়গা নেই। সে রাজনীতি হোক কিংবা খেলা। সবক্ষেত্রেই। এটা বাস্তব। সব দেশেই এমন থাকে। বাংলাদেশেও আছে।”

হোসুরে ভারতের বৃহত্তম আইফোন প্ল্যান্ট পরিদর্শনে অশ্বিনী বৈষ্ণব

হোসুর, ২৭ নভেম্বর (হি. স.): মোবাইল ফোনের দুনিয়ায় ইন্ডিয়ানের ভিত পোক্ত করছে ভারত। বেঙ্গালুরুর কাছে হোসুরে ভারতের বৃহত্তম আইফোন প্ল্যান্ট তৈরি হচ্ছে বলে মাস খানেক আগেই জানিয়েছিলেন কেন্দ্রীয় তথ্য-প্রযুক্তি ও টেলিকম মন্ত্রী অশ্বিনী বৈষ্ণব। এবার সেই আইফোন প্ল্যান্ট পরিদর্শনে যাবেন অশ্বিনী বৈষ্ণব স্বয়ং।

জমির উপর তৈরি এই প্ল্যান্টে ৫০০০ কোটি টাকা বিনিয়োগ করা হয়েছে এবং ১৫ হাজারের বেশি কর্মী কাজ নিয়োগ করা হয়েছে। ১২-১৮ মাসের মধ্যেই এই ইউনিট আরও বাড়ানো হবে এবং আরও ১০ থেকে ১২ হাজার কর্মী নিয়োগ করা হবে বলে সূত্রের খবর।

কতদিনে ভারতের আইফোন বাজারে আনা সম্ভব হবে, সে সব খতিয়ে দেখতে যাচ্ছেন তিনি। প্রসঙ্গত, এখনও পর্যন্ত বিশ্বে সবচেয়ে বেশি আইফোন তৈরি হয় চিনে। যদিও কোভিডের পর থেকে চিনে আইফোন উৎপাদনের কাজ কিছুটা ব্যাহত হয়েছে। সেই বাজার ধরার চেষ্টা শুরু করেছে ভারত। এবার হোসুরের কারখানায় পুরোদমে কাজ শুরু হলে ভারতে আইফোন উৎপাদন কয়েক গুণ বেড়ে যাবে এবং বিশ্বের বাজারও ওয়াকিবহাল মহল।

তেলেঙ্গানায় বিজেপি ক্ষমতায় এলে মুখ্যমন্ত্রী হবেন ওবিসি সম্প্রদায়ের : মোদী

নয়াদিল্লি, ২৭ নভেম্বর (হি.স.): তেলেঙ্গানায় বিজেপি ক্ষমতায় এলে মুখ্যমন্ত্রী হবেন ওবিসি সম্প্রদায়ের, বলে সোমবার মন্তব্য করেন ভারতীয় রাস্তা পাট্টির (বিজেপি) সিনিয়র নেতা এবং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। তেলেঙ্গানায় মাহাবুবাবাদে একটি জনসভায় ভাষণে মোদী সোমবার একথা বলেন।

প্রধানমন্ত্রী বলেন যে, এখানকার মানুষ বিআরএস সরকারকে অপসারণ করতে এবং বিজেপিকে ভোট দিতে বন্ধপরিকর। তিনি বলেন, বিআরএস-কংগ্রেস উভয়েই তেলেঙ্গানাকে ধ্বংসের পথে নিয়ে গেছে। তিনি আরও জানান যে, ‘এটি বিজেপির প্রতিশ্রুতি যে তেলেঙ্গানায় বিজেপি ক্ষমতায় এলে ওবিসি সম্প্রদায়ের একজন মুখ্যমন্ত্রী থাকবে।’

যেতে পারেন না মোদী। এখন যেহেতু বিজেপি, বিআরএস এবং কেসিআর প্রত্যাখ্যান করেছে, তারা হতাশ, তারফলে তাঁরা অনবরত বিজেপি এবং আমার সমালোচনা করছে বলেও এদিন মোদী মন্তব্য করেন। দুর্নীতিগ্রস্ত বিআরএসের সঙ্গে জোট না করা মোদীর অন্যতম গ্যারান্টি।


উত্তরপ্রদেশে বিবাহবহির্ভূত সম্পর্কের সন্দেহে স্ত্রীকে খুন স্বামীর

বারাবাঙ্কি, ২৭ নভেম্বর (হি.স.): উত্তরপ্রদেশের বারাবাঙ্কি জেলায় বিবাহবহির্ভূত সম্পর্কের সন্দেহে স্ত্রীকে খুন করেছে স্বামী, পুলিশ জানিয়েছে। বিবাহবহির্ভূত সম্পর্ক রয়েছে এই সন্দেহে সোমবার সাক্ষী একটি ইট ভাটায় ২৭ বছর বয়সী এক মহিলাকে তার স্বামী হত্যা করেছে বলে অভিযোগ উঠেছে। পুলিশ সুপার একটি দল নিয়ে ঘটনাস্থলে পৌঁছে অভিযুক্তকে গ্রেফতার করেন। এসপি দীনেশ কুমার সিং জানিয়েছেন, সীতাপুর জেলার মাহমুদাবাদ থানা এলাকার বাসিন্দা মতিলাল এবং তার স্ত্রী রজনী খুটার থানার অন্তর্গত বড়পুরগুয়া গ্রামে একটি ইটভাটায় কাজ

কেসিআর এবং বিআরএসের মদ উদ্দেশ্য নিয়ে আলোচনা করেন প্রধানমন্ত্রী মোদী। তিনি বলেন, ‘কেসিআর এবং বিআরএস উভয়েই বিজেপির ক্রমবর্ধমান গুরুত্ব উপলব্ধি করেছে এবং আমাদের সঙ্গে এখন জোট গঠন করতে চাইছে।’ ‘কিন্তু তেলেঙ্গানার জনগণের ইচ্ছার বিরুদ্ধে কংগ্রেসও



সোমবার ১৯ নং ওয়ার্ডের উদ্যোগে এক সাংবাদিক সম্মেলনে আয়োজন করা হ?। ছবি- নিজস্ব।



বিজয় হাজারে : জয়দেবের ৫ উইকেট সৌরাষ্ট্রকে সহজে হারালো ত্রিপুরার

ত্রিপুরা- ২৫৮/৮

সৌরাষ্ট্র-১১০

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ২৭ নভেম্বর। দুরন্ত জয়। সৌরাষ্ট্রের বিরুদ্ধে। ১৪৮ রানে। বিজয় হাজারে ট্রফি ক্রিকেটে। পর পর দুই ম্যাচে জয় পেয়ে ঘুরে দাঁড়ালো ত্রিপুরা। ব্যাঙ্গালুরুর আলোর ক্রিকেট আকাদেমি মাঠে সোমবার ব্যাট-বলে দাপট দেখালেন ত্রিপুরার ক্রিকেটাররা। ত্রিপুরার গড়া ২৫৮ রানের জবাবে সৌরাষ্ট্র মাত্র ১১০ রান করতে সক্ষম হয়। ত্রিপুরার বিক্রম কুমার দাস, সুদীপ চ্যাটার্জি, সত্যশ গনেশ অর্ধশতরান করেন। এছাড়া জয়দেব দেব ৫ উইকেট নিয়েছেন। ২৯ নভেম্বর ত্রিপুরার চতুর্থ প্রতিপক্ষ করল। সকালে সৌরাষ্ট্রের অধিনায়ক উনাদকর টেসে জয়লাভ করে

ত্রিপুরাকে প্রথমে ব্যাট করার আমন্ত্রণ জানান। প্রথম দুই ম্যাচের মতো এদিনও চূড়ান্ত ব্যর্থ হয়েছে ওপেনার পল্লব দাস (০)। এ অবস্থায় বিক্রম কুমার দাসের সঙ্গে জুটি বাঁধেন পেশাদার ক্রিকেটার সুদীপ চ্যাটার্জি। ওই জুটি ধীরে ধীরে এগিয়ে নিয়ে যেতে থাকেন দলকে। দুরন্ত ব্যাট করে আসরের দ্বিতীয় অর্ধশতরান করেন বাঁহাতি ব্যাটসম্যান বিক্রম। ওই জুটি ১২২ বল খেলে ৯৯ রান যোগ করেন। বিক্রম ৭৬ বল খেলে ৪ টি বাউন্ডারির সাহায্যে ৫৯ রান করেন। তৃতীয় উইকেটে সুদীপের সঙ্গে রুখে দাঁড়ান সতীশ গনেশ। ইতিমধ্যে ৭৯ বল খেলে ১ টি বাউন্ডারির সাহায্যে অর্ধশতরান

করেন সুদীপ। তৃতীয় উইকেটে ওই জুটি ৮৪ বল খেলে ৬৭ রান যোগ করেন। সুদীপ ৯৩ বল খেলে ২ টি বাউন্ডারির সাহায্যে ৬১ রান করেন। দলীয় ১৯৮ রানের মাথায় সতীশ ৬০ বল খেলে ৩ টি বাউন্ডারির সাহায্যে অর্ধশতরান করেন। শেষ পর্যন্ত সতীশ ৭৪ বল খেলে ৫ টি বাউন্ডারির সাহায্যে ৭১ রান করেন। মণিশঙ্কর মুড়াসিং ২৩ বল খেলে ২ টি ওভার বাউন্ডারির সাহায্যে ২৫ রান করেন। ত্রিপুরা নির্ধারিত ৫০ ওভারে ৮ উইকেট হারিয়ে ২৫৮ রান করে। সৌরাষ্ট্রের পক্ষে জয়দেব উনাদকর ৩৫ রান দিয়ে ৫ টি উইকেট দখল করেন। জবাবে খেলতে নেমে ত্রিপুরার বোলারদের

সাড়াশি আক্রমণে দিশেহারা হয়ে পড়ে সৌরাষ্ট্রের ব্যাটসম্যান-রা। এবং ক্রমাগত উইকেট হারাতে থাকে। গুরুটা মণিশঙ্কর মুড়াসিং এবং রাণা দত্ত করলেও শেষটা করেন জয়দেব দেব। শেষ পর্যন্ত ৩৪.৫ ওভারে সবকটি উইকেট হারিয়ে সৌরাষ্ট্র ১১০ রান করতে সক্ষম হয়। দলের পক্ষে পূজারা ৩২ বল খেলে ১ টি বাউন্ডারির সাহায্যে ২৪, পরম মানকাদ ৪৩ বল খেলে ২ টি বাউন্ডারির সাহায্যে ২১ এবং পার্থ ভূত ২৭ বল খেলে ২ টি বাউন্ডারি ও ১ টি ওভার বাউন্ডারির সাহায্যে ২১ রান করেন। ত্রিপুরার পক্ষে জয়দেব দেব ১৫ রান দিয়ে ৫ টি, মণিশঙ্কর মুড়াসিং ১৩ রান দিয়ে ২ টি উইকেট দখল করেন।

ব্যাঙ্গালুরুতে সিনিয়র মহিলাদের ফুটবল টানা তিন ম্যাচে পরাজিত ত্রিপুরা

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ২৭ নভেম্বর। সারাক্ষণ প্রাধান্য নিয়ে খেলেও জয় পেলো না ত্রিপুরা। করলো পরাজয়ের হ্যাটট্রিক। ব্যাঙ্গালুরুতে অনুষ্ঠিত জাতীয় সিনিয়র মহিলাদের ফুটবলে। ওই রাজ্যের ফুটবল স্টেডিয়ামে অনুষ্ঠিত ম্যাচে সোমবার ত্রিপুরা পরাজিত হয় ২-০ গোলে। অথচ

ম্যাচের শুরু থেকেই পর্যাপ্ত প্রাধান্য নিয়ে খেলতে থাকে ত্রিপুরার ফুটবলাররা। সুযোগ পেয়ে গিয়েছিলো বেশ কয়েকটি। কিন্তু দলের আক্রমণভাগের ফুটবলারদের ব্যর্থতায় বিপক্ষের জাল নাড়াতে পারেনি ত্রিপুরা। মৌসুমী ওরাং, প্রীতি জমতিয়া, ধোনিতা রিয়াং এবং শ্রেয়া দেব-রা

বেশ কয়েকটি সহজ সুযোগ নষ্ট করে দলকে চাপে ফেলে দেন। ম্যাচ শেষ হওয়ার ১০ মিনিট আগে প্রথম গোলটি হজম করে ত্রিপুরা। এরপর আল আউট খেলতে গিয়ে অপর গোলটি হজম করে রাজাদল। খেলা শেষে হতাশ ত্রিপুরার কোচ সঞ্জিত ঘোষ ব্যাঙ্গালুরু থেকে টেলিফোনে বলেন, 'এভাবে

সুযোগ নষ্ট করলে জয় পাওয়া যায় না। ক্রমাগত সুযোগ নষ্ট করে দলীয় ফুটবলারদের মনোবল ভেঙ্গে ফেলেছিলো আক্রমণভাগের ফুটবলাররা। এর থেকেই এসেছে পরাজয়'। ৩০ নভেম্বর ত্রিপুরার চতুর্থ প্রতিপক্ষ চণ্ডীগড়।

জাতীয় স্কুল গেমস যোগাসন আসরে রেকর্ড পদকে ভারত শ্রেষ্ঠ ত্রিপুরা

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ২৭ নভেম্বর। ত্রিপুরার জয়জয়কার। জাতীয় স্কুল গেমসে যোগাসন আসরে সবকটি সেক্টরেই ত্রিপুরা সেরা। পদক তালিকায়ও শীর্ষে। ওভার অল চ্যাম্পিয়ন ত্রিপুরা। ব্যক্তিগত ইভেন্টে বালিকাদের যোগায় প্রথম, দ্বিতীয় এবং তৃতীয় তিনটি স্থানই ত্রিপুরার দখলে। স্বর্ণ, রৌপ্য এবং ব্রোঞ্জ একসঙ্গে ত্রিপুরার ঝুলিতে তিন পদকের নজির এবারই প্রথম। তবে একটু ব্যর্থতাও রয়েছে। রিদমিক যোগায় বালিকা বিভাগে। এতে একেবারে পদক হীন ত্রিপুরা। সবমিলে এবারকার মধ্য ৬৭তম জাতীয় স্কুল গেমসে অনূর্ধ্ব ১৭ বালক বালিকার যোগাসন চ্যাম্পিয়নশিপে এবার ত্রিপুরা রেকর্ড সাফল্য অর্জন করেছে। সোমবার, অনুষ্ঠিত শেষ দিনের প্রতিযোগিতায় রিদমিক যোগায় বালক বিভাগে ত্রিপুরার শুভদীপ ভৌমিক প্রথম স্থান অধিকার করে স্বর্ণপদক পেয়েছে। পশ্চিমবঙ্গের রাজদীপ দালাল ও মহারাষ্ট্রের আরিয়ান বিভীষণ খারাতে পেয়েছে যথাক্রমে রৌপ্য ও ব্রোঞ্জ পদক। বালিকা বিভাগে সিআইএসসিই এর নায়িসা সরকার পেয়েছে স্বর্ণপদক, তামিলনাড়ুর ওভিয়া সি পেয়েছে রৌপ্য এবং দিল্লির সীমা নিউপানে পেয়েছে ব্রোঞ্জ পদক। ব্যক্তিগত যোগা ইভেন্টে বালক বিভাগে ত্রিপুরার দেবপর্ণ কুন্ডু প্রথম স্থান অধিকার করে স্বর্ণপদক পেয়েছে। দিল্লির আদর্শ এবং সিআইএসসি এর সমায়ক পাণ্ডা পেয়েছে যথাক্রমে রৌপ্য ও ব্রোঞ্জ পদক। ব্যক্তিগত বালিকা বিভাগে

ত্রিপুরার পায়েল দাস স্বর্ণ, প্রতিভা সিনহা রৌপ্য এবং স উম্মিতা দেবনাথ ব্রোঞ্জ পদক পেয়েছে। ওভার অল চ্যাম্পিয়নশিপে ত্রিপুরা ৪৮ পয়েন্টে পেয়ে স্বর্ণপদক, পশ্চিমবঙ্গ ১৫

পয়েন্টে পেয়ে রৌপ্য পদক এবং দিল্লি এগারো পয়েন্টে পেয়ে ব্রোঞ্জ পদক পেয়েছে। ৫ দিন ব্যাপী আয়োজিত জাতীয় স্কুল গেমস যোগাসন চ্যাম্পিয়নশিপ এর সমাপ্তি দিনে বর্ণাঢ্য অনুষ্ঠানে

উপস্থিত অতিথিবর্গ বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন। উদ্যোক্তা তথা রাজ্য যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের পক্ষ থেকে সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানানো হয়েছে।

রূপক দেবরায় পরিচালিত সংস্থাগুলো বেআইনি ঘোষণা করতে ফোরামের আর্জি

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ২৭ নভেম্বর। রাজ্য ক্রীড়া জগতে রূপক দেবরায়ের কর্মকাণ্ডে উন্মত্তভাবে তীব্রবিরক্ত অল ত্রিপুরা প্রেসার ফোরাম। ফোরামের পক্ষ থেকে আজ আগরতলা প্রেসক্লাবের কনফারেন্স হলে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে রূপক দেবরায় সম্পর্কে বলতে গিয়ে ফোরাম থেকে জানানো হয়েছে যে বেশ কিছু ইভেন্টে ত্রিপুরা স্টেট অলিম্পিক অ্যাসোসিয়েশন সচিব রূপক দেব রায় কোনরকম সিলেকশন ট্রায়াল ছাড়া ন্যাশনাল গেমস খেলায় অংশগ্রহণ করছেন। এই অংশগ্রহণের পর দেখা যাচ্ছে খারাপ ফলাফলের কারণে রাজ্যের সুনাম বিনষ্ট হচ্ছে।

হকি, বাস্কেট বল, কাবাডি, অ্যাথলেটিকস টেবিল টেনিস, খো-খো, রেসলিং, বক্সিং, ফুটবল এবং আরও বিভিন্ন খেলাধুলায় এরকমভাবে দল পাঠানো হচ্ছে। ত্রিপুরার নামে বিভিন্ন অর্থ রাশি এনে সচিবতাকে ব্যবহার করা হচ্ছে না। যেগুলি নিজেদের কাছে ব্যবহার করা হচ্ছে। বর্তমানে বেশ কিছু ইভেন্টে বাস্কেটবল, ব্যাডমিন্টন গেমসের খেলোয়াররা জাতীয় স্তরে উনার মাধ্যমে অংশগ্রহণ করলেও আজ পর্যন্ত সার্টিফিকেট দিচ্ছে না। খেলোয়ারদের কাছে অনৈতিকভাবে বিভিন্ন চাহিদা ব্যক্ত করছেন। বিভিন্ন ইভেন্টে বিভিন্ন খেলোয়াড়রা ফোরামের কাছে লিখিতভাবে রূপক দেবরায়ের বিরুদ্ধে অভিযোগ

জানাচ্ছে। ফোরামের পক্ষ থেকে সরকারের কাছে অনুরোধ করা হচ্ছে রূপক দেব রায়ের অনুমোদিত সংস্থাগুলো বেআইনি ঘোষণা করে দেবীদের দৃষ্টান্তমূলক শাস্তির ব্যবস্থা করতে। ক্রীড়া জগতকে এবং খেলোয়ারদের স্বার্থ সুরক্ষার জন্য ত্রিপুরা প্রেসার ফোরাম সংশ্লিষ্ট সকলের সহযোগিতা চেয়েছেন। সাংবাদিক সম্মেলনে অন্যান্যদের মধ্যে ফোরামের চীফ পেট্রন অমল কুমার ঘোষ, সভাপতি লিটন রায়, সিনিয়র সহ-সভাপতি কেশব দেববর্মা, জেনারেল সেক্রেটারি শান্তনু সুব্রহ্মণ্য, জয়েন্ট সেক্রেটারি বাপন সাহা ও প্রসেনজিৎ দাস প্রমুখ উপস্থিত ছিলেন।

সৃষ্টির প্রেরণায় নতুন প্রতিশ্রুতি

উন্নত মুদ্রণ

সাদা, কালো, রঙিন

নতুন ধারায়

রেণুবো প্রিন্টিং ওয়ার্কস

জাগরণ ভবন, (লক্ষ্মীনারায়ণ মন্দির সংলগ্ন), এন এল বাড়ি লেইন
প্রভুবাড়ী, বনমালীপুর, আগরতলা, ত্রিপুরা পশ্চিম - ৭৯৯০০১
মোবাইল :- ৯৪৩৬১২৩৭২০
ই-মেল : rainbowprintingworks@gmail.com

GOVERNMENT OF TRIPURA
EDUCATION (SCHOOL) DEPARTMENT
Bharatiya Bhasha Diwas- 2023
ONLINE ESSAY WRITING COMPETITION

Sl. No.	Class	Topic	Medium	Maximum word limit	Last date of submission	How to submit
01	IX to XII	বহুভাষাবাদ হল ভারতের বেঁচে রইতে মধ্য ঐক্যের মূল ভিত্তি Multilingualism is the corner stone of Unity in Diversity of India কীভাবে মনি কক তত্ত্বমু উংখা ভারতনি দালবিদাল তত্ত্বালকনি বিসিং ধান্চা তত্ত্বমনি সই ঋগণার	Bengali OR English OR Kokbork	800 (eight hundred) words	03-12-2023	Online submission to the mail address :- sgeneral.2@gmail.com

Only online submission in PDF Format will be considered. No offline submission will be accepted. It must be legible.
At the end of the essay, Name of Student, Class, Roll No, Name of School, Sub-Division, District is to be clearly mentioned. The essay must be countersigned by HM/Principal of the school with seal.
If there is any discrepancy, the submission will not be considered for evaluation.

ELIGIBLE STUDENTS ARE REQUESTED TO PARTICIPATE IN THE ABOVE COMPETITION
ICA/D-1324/23

সম্মিলিত প্রয়াসেই টিবিমুক্ত ত্রিপুরা গড়া সম্ভব : মুখ্যমন্ত্রী



আগরতলা, ২৭ নভেম্বর। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ২০২৫ সালের মধ্যে টিবিমুক্ত ভারত গড়ার আহ্বান জারিয়েছেন। প্রধানমন্ত্রীর আহ্বানের পরিপ্রেক্ষিতে রাজ্য সরকারও ২০২৫ সালের মধ্যে টিবিমুক্ত ত্রিপুরা গড়ার সংকল্প নিয়েছে। টিবিমুক্ত ত্রিপুরা গঠনের লক্ষ্যে টিবি অ্যাসোসিয়েশনের গুরুত্বপূর্ণ ভূমিকা গ্রহণ করতে হবে। আজ টিবি অ্যাসোসিয়েশন হলে ত্রিপুরা টিবি অ্যাসোসিয়েশনের বার্ষিক সাধারণ সভায় প্রধান অতিথির ভাষণে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা একথা বলেন। মুখ্যমন্ত্রী ভাষণে আরও বলেন,

টিবিমুক্ত ত্রিপুরা গড়তে জনসাধারণকেও সচেতন হতে হবে। টিবি রোগ শুধুমাত্র শ্বাসযন্ত্রেই আক্রমণ করে না তা শরীরের প্রতিটি অংশেই সংক্রমণ করতে পারে। সঠিক সময়ে চিকিৎসা শুরু হলে এই রোগ থেকে মুক্ত হওয়া সম্ভব। তাই এই রোগের বিষয়ে জনগণকে সচেতন করার উপরও টিবি অ্যাসোসিয়েশনকে গুরুত্ব আরোপ করতে হবে।

মুখ্যমন্ত্রী বলেন, রাজ্য থেকে টিবি রোগ নির্মূল করার লক্ষ্যে টিবি অ্যাসোসিয়েশন ভালো কাজ করছে। টিবিমুক্ত ত্রিপুরা গড়ার লক্ষ্যে টিবি অ্যাসোসিয়েশন যে

সমস্ত উদ্যোগ গ্রহণ করেছে সে বিষয়ে জনসাধারণকে সচেতন করতে নিয়মিত প্রচারমূলক অভিযান সংগঠিত করতে হবে। এছাড়াও টিবিমুক্ত ত্রিপুরা গঠন অভিযানে বিভিন্ন স্তরের জনপ্রতিনিধিদেরও সংযুক্ত করতে হবে। সবার সম্মিলিত প্রয়াসেই ২০২৫ সালের মধ্যে টিবিমুক্ত ত্রিপুরা গঠন করা সম্ভব হবে। অনুষ্ঠানে স্বাগত বক্তব্যে টিবি অ্যাসোসিয়েশনের যুগ্ম সচিব ডা. কৌশিক নাগ বলেন, টিবি অ্যাসোসিয়েশন মূলতঃ টিবি রোগ নিয়ন্ত্রণ, চিকিৎসা এবং ত্রাণ সহায়তা প্রদানে কাজ করে থাকে।

বিপিএল ভুক্ত টিবি রোগীদের বিনামূল্যে এ-রে পরিষেবা প্রদান করে থাকে টিবি অ্যাসোসিয়েশন। এছাড়াও প্রতি বছর অ্যাসোসিয়েশনের পক্ষ থেকে টিবি সিল বক্রয় অভিযান সংগঠিত করা হয়ে থাকে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন আগরতলা পুরনিগমের কর্পোরেটর তুষার কান্তি ডাচার্য, স্টেট টিবি অফিসার ডা. নুপুর দেবনাথ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের যুগ্ম অধিকর্তা ডা. সৌমিত্র মল্লিক এবং পশ্চিম ত্রিপুরা জেলার পুলিশ সুপার ড. কিরণ কুমার কে।

রফরমিস্টের জমকালো অনুষ্ঠান

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৭ নভেম্বর। ২৬ শে নভেম্বর ২০২৩ সাত্তিক প্রতিষ্ঠান রফরমিস্ট সোসাইটির উদ্যোগে অনুষ্ঠিত হয়ে গেল জমকালো নৃত্যের অনুষ্ঠান। 'হৃদয়পুরের নৃত্যধারা' শীর্ষক এই অনুষ্ঠানে শতাধিক নৃত্যশিল্পী অংশগ্রহণ করেন। অনুষ্ঠানটিতে কচিকাকা শিল্পী থেকে শুরু করে পরিণত শিল্পী সবাই নৃত্যে অংশগ্রহণ করেন। অনুষ্ঠানে মোট ৩০ টি নৃত্য পরিবেশিত হয়। অনুষ্ঠানের শুভ উদ্বোধন করেন এই হাক নৃত্যের জনপ্রিয় শিল্পী ও গুরুত্বপূর্ণ হারি মলম মহাশয়। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপায়ুক্ত পৌর পরিষদের চেয়ারম্যান শীতল চন্দ্র মজুমদার। তাছাড়া সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নেহরু যুব কেন্দ্র গোমতী জেলার আধিকারিক কেশব কুমার সরকার ও রফরমিস্ট সোসাইটির সভাপতি বিভাস চন্দ্র রায় চৌধুরী সহ অন্যান্য। অনুষ্ঠানে শিল্পীদের পরিবেশনায় যেমন ছিল ভারতীয় শাস্ত্রীয় কথক নৃত্যের অনুষ্ঠান তেমনই ছিল পরম্পরাগত লোকনৃত্য থামাইল এবং হাঁ হাক নৃত্যের পরিবেশনা। ছিল রবীন্দ্র, নজরুল, শচীন দেব বর্মন এর গানের সঙ্গে নৃত্য। তাছাড়াও ছিল আধুনিক ও লোক সুরের বিভিন্ন গানের সঙ্গে নৃত্যের অনুষ্ঠান। অনুষ্ঠানে উদীয়মান শিল্পী হিসেবে হৃদয়পুরের 'আলোকসন্ধ্যা' নৃত্যশিল্পী বহিষ্কার দাস ও মৃগাঙ্গা বিশ্বাসকে সংবর্ধিত করা হয়। সোসাইটির বিভিন্ন কর্মকাণ্ডে ধারাবাহিক ও নিরলস যোগদানের জন্য শিল্পী দিয়া ভট্টাচার্য ও উনার পিতামাতাকে অনুষ্ঠানে 'হৃদয়পুরের বিশেষ সম্মানে' সংবর্ধিত করা হয়। নৃত্য ক্ষেত্রে নবাগত শিল্পীদের উৎসাহ বৃদ্ধির জন্য আরও প্রায় ৭০ জন শিল্পীদের হৃদয়পুরের কৃতি সম্মানে' সম্মানিত করা হয়। রাজ্য যুব উৎসবে রফরমিস্ট এর যে লোক নৃত্যের দলটি পুরস্কৃত হয়েছিল এদিনের অনুষ্ঠানে তাদের সকলের হাতেও রফরমিস্ট সোসাইটির পক্ষ থেকে সাটিক্রেট তুলে দেওয়া হয়। তাছাড়া ও ছিল অনুষ্ঠানে নৃত্য সংগীত বিষয়ক ওপেন কুইজের আয়োজন। এই আয়োজনটি হল ভর্তি মানুষের বিশেষ নজর কেড়েছে। নৃত্য সংগীত সন্থায় বিভিন্ন নৃত্য তুলে আনার ক্ষেত্রে এ ধরনের আয়োজন সত্যিই প্রশংসনীয়। অতিথিদের প্রত্যেকই রফরমিস্ট সোসাইটির পক্ষ থেকে আর্থিকভাবে সহায়তা করা হয়েছিল। এছাড়াও টিবি অ্যাসোসিয়েশনের যোগ্যতার আবেদন রাখেন। এই অনুষ্ঠানটিকে কেন্দ্র করে শিল্পী, অভিভাবক, আয়োজক ও উদ্যোগীদের স্মরণীয় একটি বিশেষ উৎসাহ পরিবেশিত হয়।

ফটিকরারয়ে বিকশিত ভারত সংকল্প যাত্রা সরকারি সুবিধা মানুষের কাছে পৌঁছে দেওয়া হচ্ছে : সুধাংশু

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৭ নভেম্বর। সরকারি প্রকল্প ও পরিষেবার সুবিধা জনগণের কাছে পৌঁছে দিতে বিকশিত ভারত সংকল্প যাত্রার সূচনা হয়েছে। সেই সাথে প্রতি ঘরে সূশাসন ২.০ অভিযানও শুরু হয়েছে। এই দুই কর্মসূচির লক্ষ্য হচ্ছে মানুষের কাছে সরকারি প্রকল্প ও পরিষেবার সুবিধা পৌঁছে দেওয়া। আজ ফটিকরারয়ে নজরুল কলাক্ষেত্রে বিকশিত ভারত সংকল্প যাত্রা, প্রতি ঘরে সূশাসন ২.০ অভিযানে শিবির ও স্ক্রামারঘাট ব্লকভিত্তিক যুব উৎসবের উদ্বোধন করে একথা বলেন প্রাণীসম্পদ বিকাশমন্ত্রী সুধাংশু দাস। কুমারঘাট ব্লকের ফটিকরায়, গোফুলনগর, গঙ্গানগর, জগন্নাথপুর, কক্ষনগর, রাজনগর, সাইদারপাড় ও রাখানগর গ্রাম পাঁয়তেক নিয়ে বিকশিত ভারত সংকল্প যাত্রা ও প্রতি ঘরে সূশাসন ২.০ অভিযানে এই শিবিরের আয়োজন করা হয়েছে। তিনি বলেন, স্বাধীনতা সংগ্রামী বীরস

মুণ্ডার জন্মদিনে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি সারা দেশে বিকশিত ভারত সংকল্প যাত্রার সূচনা করেন। একই সাথে রাজ্যেও প্রতি ঘরে সূশাসন ২.০ অভিযান শুরু হয়েছে। বিকশিত ভারত সংকল্প যাত্রা ও প্রতি ঘরে সূশাসন ২.০ অভিযানে সরকারি প্রকল্প ও পরিষেবার সুবিধা মানুষের কাছে পৌঁছে দেওয়া হচ্ছে। অনুষ্ঠানে প্রাণীসম্পদ বিকাশমন্ত্রী বলেন, কুসংস্কার, পশুদাপদতা ও দেশের বিকলতা থেকে যুবদের হাতে হাত ধরে এগিয়ে আসতে হবে। তাইই সমাজ, রাজ্য ও দেশ উন্নতির দিকে এগিয়ে যাবে। সংস্কৃতি সহ বিভিন্ন ক্ষেত্রে মেধার বহিঃপ্রকাশ ঘটিয়ে প্রতিভাবান শিল্পীদের চিহ্নিত করে দেশবাসীরা সামনে তুলে ধরার উদ্দেশ্যে প্রতিবছর যুব উৎসবের আয়োজন করা হয়। উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কুমারঘাট পাঁয়তেক সমিতির চেয়ারম্যান সুমতি দাস। স্বাগত বক্তব্য রাখেন বিডিও ডা. সুদীপ

ভৌমিক। উপস্থিত ছিলেন উনকোটি জিলা পরিষদের সভাপতি অমলেন্দ দাস, আশেদকর মহাবিদ্যালয়ের ভারপ্রাপ্ত অধ্যক্ষ ড. সুব্রত শর্মা, জেলা ক্রীড়া আধিকারিক অর্জুন দেবনাথ, সমাজসেবী পবিত্র দেবনাথ প্রমুখ। অনুষ্ঠানে 'অভিযান' বিভিন্ন দপ্তরের প্রকল্পের সুবিধা সুবিধাভোগীদের প্রদান করেন। এছাড়া প্রশাসনিক শিবিরের স্টলে শিল্প ও বাণিজ্য, মৎস্য, কৃষি, যুব বিষয়ক ও ক্রীড়া, শিক্ষা, ত্রিপুরা প্রাণীসম্পদ বিকাশ, শ্রম, পানীয়জল ও স্বাস্থ্যবিধি, বন, স্বাস্থ্য ইত্যাদি দপ্তর থেকে পরিষেবা প্রদান করা হয়। মহকুমা প্রশাসন থেকে ৪৮টি পিআরটিসি, ৩টি এসটি, ৩টি এসসি এবং ২৫টি ওবিসি সাটিক্রেট প্রদান করা হয়। আয়ের সাটিক্রেট প্রদান করা হয় ৮১টি।

মদের কাউন্টারের নির্মাণ কাজ বন্ধের দাবিতে জাতীয়সড়ক অবরোধ এলাকাবাসীর



নিজস্ব প্রতিনিধি, শান্তির বাজার, ২৭ নভেম্বর। মদের কাউন্টারের নির্মাণ কাজ বন্ধের দাবিতে জাতীয় সড়ক অবরোধ করল এলাকাবাসীরা। ঘটনার বিবরণে জানাযায়, শান্তির বাজার মহকুমার অন্তর্গত বাইখোড়া এথিক্যালচার অফিস সংলগ্ন এলাকায় একটি মদের কাউন্টার নির্মান করা হবে। এইকথা জানার পর

বিগতদিনেও এলাকাবাসীদের মধ্যে বিক্ষোভ দেখা যায়। যেই জায়গায় মদের কাউন্টার দেওয়া হবে বলা হয়েছে সেই জায়গা থেকে চিল হোঁড়া। দুরন্তে বাইখোড়ার বিস্তৃত শিক্ষানিকেতন অবস্থিত। এছাড়া একটি ঠাকুরের মন্দিরও রয়েছে। এলাকাবাসীরা ভবিষ্যৎ প্রজন্মের কথা চিন্তাভাবনা করে এলাকায় মদের কাউন্টার না খোলার দাবিতে

বিক্ষোভ প্রদর্শন করে। কিন্তু এলাকাবাসীর অভিযোগ, জোলাইবাড়ী বিজেপি নেতৃত্ব বিকাশ বোমা, তাপস দত্ত ও মনিন্দ্র বিশ্বাস মিলে কিছু অর্থের বিনিমানে কাউন্টারের মালিকের কাছে বিক্রি হয়ে গেছে। তাই উনারা বলেছেন এইজায়গায় মদের কাউন্টার দেওয়া হবে। অবরোধের বাধা হয়ে এলাকাবাসী বাইখোড়া বাজারে আগরতলা সার্বম

পথ অবরোধে বসে। অবরোধের খবর পেয়ে ঘটনাস্থলে ছুটে যায় বাইখোড়া থানার পুলিশ ও শান্তির বাজার মহকুমা শাসকের কার্যালয় থেকে সিসিএম। সকলের উপস্থিতিতে অবরোধকারীদের আশাস প্রদান করে পথ অবরোধ মুক্ত করা হয়। অবরোধের জেরে দীর্ঘ সময় ধরে জাতীয় সড়কে যান চলাচল স্তব্ধ হয়ে পড়ে।

সাব ইন্সপেক্টর সত্যজিৎ মল্লিক স্মরণ

নিজস্ব প্রতিনিধি, খোয়াই, ২৭ নভেম্বর। সোমবার সকাল ১১টা নাগাদ খোয়াই থানাতে পালিত হলো সাব ইন্সপেক্টর সত্যজিৎ মল্লিকের দ্বিতীয় শহীদ দিবস অনুষ্ঠান। এই দিন খোয়াই থানাতে শহীদ সত্যজিৎ মল্লিকের শ্রদ্ধাঞ্জলি অনুষ্ঠানে উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার রাজীব সূত্রধর, পুলিশ আধিকারিক প্রসন্ন কান্তি মজুমদার, খোয়াই থানার ওসি সুবীর মালেকার সহ অন্যান্য পুলিশ কর্মীরা। এদিন শহীদ সত্যজিৎ মল্লিকের প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ করে শ্রদ্ধা জানানো হয়।

উল্লেখ্য, ২০২১ সালে খোয়াই থানাধীন শেওড়া তলি থামের বাসিন্দা প্রদীপ দেব রায় এদিন রাতে উন্মত্ত অবস্থায় প্রথমে তার এক বছরের কন্যা সন্তান অদিতি দেব রায়কে খাটের স্ট্যান্ট দিয়ে পিটিয়ে হত্যা করে, এরপর বড় মেয়ে মদিরা দেবরায়কে কাঠের পিড়ি দিয়ে পিটিয়ে হত্যা করে, তারপর স্ত্রীকে মারতে গেলে স্ত্রী তখন পালিয়ে আশ্রয়লাভ করে। এইসব দেখে তখন প্রদীপ দেব রায়ের বিকলাঙ্গ বড় ভাই অমলেশ দেবরায় এগিয়ে আসলে প্রদীপ দেবরায় ঘর থেকে একটি বড় শাবল নিয়ে এসে সেই শাবল দিয়ে তার বড় ভাই অমলেশ দেব রায়ের গলা কেটে হত্যা করে। খবর পেয়ে খোয়াই থানার সাব ইন্সপেক্টর সত্যজিৎ মল্লিক গেরাওলা গ্রামে যান। দেখতে পান ওই গ্রামের মানুষ প্রদীপ দেব রায়ের উদ্যাহার কারণে অত্যন্ত গুম হয়ে রয়েছে। সে সময় অভিযুক্তকে আটক করতে গেলে সত্যজিৎ মল্লিকের উপর আক্রমণ করে সে। তখনই কর্তব্যরত অবস্থায় সত্যজিৎ মল্লিক শহীদ হন।

ছয় দফা দাবির ভিত্তিতে শ্রম কমিশনারের কাছে ডেপুটেশন

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৭ নভেম্বর। আজ অল ত্রিপুরা আন অর্গানাইজড ওয়ার্কার্স কংগ্রেস ছয় দফা দাবির ভিত্তিতে শ্রম কমিশনারের নিকট এক ডেপুটেশন প্রদান করেছে। শ্রমিকদের সার্বিক সহযোগিতার দাবিতে সরকারের নিকট বিভিন্ন দাবি দাওয়া নিয়ে এদিনের ডেপুটেশন প্রদান করা হয়েছে। এই দাবিগুলির মধ্যে উল্লেখযোগ্য হল, রাজ্য সরকারের অসংগঠিত শ্রমিক সহায়িকা প্রকল্প পুনরায় চালু করতে হবে। সমস্ত অসংগঠিত শ্রমিকদের করোনাকাল বিশেষ আর্থিক সহায়তা প্রদান করতে হবে। সমস্ত নির্মাণ শ্রমিকদের পদে দুই বার টুলকিট প্রদান করতে হবে। নির্মাণ শ্রমিকদের সুরক্ষার জন্য হেলমেট, বেল্ট, ও জুতো (গামবুট) প্রদান করতে হবে।

কলা উৎসবের মূল উদ্দেশ্য ছাত্র ছাত্রীদের সুপ্ত প্রতিভা বিকশিত করা: মেয়র



নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৭ নভেম্বর। সোমবার থেকে শুরু হল দুদিনব্যাপী রাজ্যভিত্তিক কলা উৎসব। আগরতলা টাউন হলে রাজ্যভিত্তিক এই কলা উৎসবের আনুষ্ঠানিক উদ্বোধন করেছেন আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার। এইদিন রাজ্যভিত্তিক কলা উৎসবের উদ্বোধনী অনুষ্ঠানে আলাচনা

করতে গিয়ে নিগমের মেয়র দীপক মজুমদার বলেছেন ২০১৫ সাল থেকে কলা উৎসবের সূচনা হয় রাধামাধব মন্দিরের মধ্যে সুপ্ত প্রতিভা বিকশিত করা। নবম থেকে দ্বাদশ শ্রেণীর ছাত্র-ছাত্রীদের নিয়ে এই কলা উৎসব করা হয়ে থাকে প্রতিবছর। শিক্ষাকে অধিক গুরুত্ব দিয়ে রাজ্য ও কেন্দ্র সরকার শিক্ষা

ব্যবস্থাকে টেলে সাজিয়েছে। শিক্ষাব্যবস্থার আমূল পরিবর্তন হয়েছে বলে দাবি করেছেন মেয়র এদিন। এদিনের এই উৎসবে উপস্থিত ছিলেন উচ্চ শিক্ষা দপ্তরের অধিকর্তা এনসি শর্মা সহ অন্যান্যরা। রাজ্য ভিত্তিক কলা উৎসবে বিভিন্ন জেলা থেকে নির্বাচিত ছাত্র-ছাত্রীরা অংশগ্রহণ করেছেন।

২২৫ বছর পুরানো রাস উৎসব রাধানগরের রাধামাধব মন্দিরে

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৭ নভেম্বর। প্রতিবছরের ন্যায় এবারেও রাস উৎসব পালিত হচ্ছে রাজধানীর রাধানগরস্থিত রাধামাধব মন্দিরে। যাকে কেন্দ্র করে ধর্মীয় মনোভাব সম্পন্ন জনগণের মধ্যে ব্যাপক উৎসাহ উদ্দীপনা লক্ষ্য করা যাচ্ছে। শুধুমাত্র মণিপুরী সম্প্রদায়ই নয়, হিন্দু ধর্মের প্রত্যেকের মধ্যেই এই উৎসবকে কেন্দ্র করে উৎসাহ লক্ষ্য করা যায় রাধামাধব মন্দিরের পূজারী জানিয়েছেন ১৭৫৯ খ্রিস্টাব্দ থেকে এই মন্দিরে রাস উৎসব পালিত হয়ে আসছে। তৎকালীন সময়ে মণিপুরের মহারাজার সাথে এক মেলবন্ধনে এই মন্দির নির্মিত হয়েছিল। তখন থেকেই এখানে রাস উৎসব অনুষ্ঠিত হয় প্রতিবছর। ২২৫ বছর ধরে এই উৎসব পালিত হয়ে আসছে। এবারে এই উৎসবে অন্তর্গত মন্দির পরিবেশনে অংশ গ্রহন করছেন ইন্ফল ও বাংলাদেশের গুণী শিল্পীরা।

মহারাজগঞ্জ বাজারে রাসলীলা ও উৎসব উপভোগ করলেন মুখ্যমন্ত্রী

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৭ নভেম্বর। মহারাজগঞ্জ বাজারে রাসলীলা ও উৎসব উপভোগ করলেন মুখ্যমন্ত্রী ডাঃ মানিক সাহা, মেয়র দীপক মজুমদার, কাউন্সিলর সহ মহারাজগঞ্জ বাজার ব্যবসায়ীরা। এদিন রাধা কৃষ্ণের রাসলীলা দর্শন করতে যান মুখ্যমন্ত্রী ডাক্তার মানিক সাহা। মঙ্গল কামনা করেন রাজবাসীরা। এদিন মুখ্যমন্ত্রী বলেন, এই রাসলীলা মহারাজগঞ্জ বাজারের ঐতিহ্যবাহী এক অনুষ্ঠান। সব ধরনের মানুষ দূর-দূরান্ত থেকে এসে একত্রিত হয়। কৃষ্টি সংস্কৃতি এই অনুষ্ঠানের মধ্যে পরিবেশিত হয় বলে জানান মুখ্যমন্ত্রী। তিনি আবার বলেন, দীর্ঘবছর ধরে এই উৎসব হয়ে আসছে। এধরনের আয়োজনের জন্য তিনি উদ্যোগীদের ধন্যবাদ জানিয়েছেন।

স্বীর উপর অ্যাসিড হামলার অভিযোগ স্বামীর বিরুদ্ধে

কলকাতা, ২৭ নভেম্বর (হিস.): দাম্পত্য কলহের জেরে স্বীর উপর অ্যাসিড হামলার অভিযোগ উঠল স্বামীর বিরুদ্ধে। সোমবার এই ঘটনাকে কেন্দ্র করে ব্যাপক চাঞ্চল্য ছড়ায় কেশ্টপুরের রবীন্দ্রপল্লি এলাকায়। ইতিমধ্যেই অভিযুক্তকে আটক করেছে পুলিশ জানা গিয়েছে, বাওইআটি থানার কেশ্টপুরের রবীন্দ্রপল্লির বাসিন্দা সঞ্জীব দে। তাঁর স্ত্রী মাধু দে। সূত্রের খবর, দীর্ঘদিন ধরেই ওই দম্পতির মধ্যে অশান্তি চলছিল। সেই কারণে প্রায় সাত মাস ধরে বাপের বাড়িতে ছিলেন মাধু সোমবার দুপুরে স্ত্রীকে বাড়িতে থেকে পাঠান সঞ্জীব। অভিযোগ, মহিলা যাওয়ার পরই তাঁর মুখে অ্যাসিড ছেঁকে সঞ্জীব। স্বাভাবিকভাবেই আতঁর্নাদ শুরু করেন তিনি। শুনেতে পেয়ে ছুটে যান প্রতিবেশীরা। তড়িৎগতির অস্ত্রাগারে তাকে উদ্ধার করে বিধানগর মহকুমা হাসপাতালে নিয়ে যায়। খবর দেওয়া হয় বাওইআটি থানায়। পুলিশ ঘটনাস্থলে গিয়ে অভিযুক্ত সঞ্জীব দে-কে আটক করে যদিও নিজের বিরুদ্ধে ওঠা অভিযোগ অস্বীকার করেছেন সঞ্জীব। তাঁর দাবি, তিনি স্বীর উপর অ্যাসিড হামলা করেননি। ঘটনাচক্রে অ্যাসিড গায়ে পড়ে গিয়েছে।

যুবরাজনগরে ব্লক আধিকারিক এর নিকট ডেপুটেশন বামেদের

নিজস্ব প্রতিনিধি, ধর্মনগর, ২৭ নভেম্বর। সোমবার বামফ্রন্টের পক্ষ থেকে ধর্মনগর মহকুমার যুবরাজনগর আরডি ব্লক এর দিনমজুরদের নিকট ডেপুটেশন দিল বামফ্রন্ট। এই ডেপুটেশন নেতৃত্ব দিয়েছেন প্রাক্তন মন্ত্রী

বলে অভিযোগ করেন তিনি। তাই সরকারি প্রকল্প যাতে বাধ্যবাধ্যতায় রূপায়ন করা হয়, কোন্ ধরনের রাজনৈতিক মেরুকারণের কারণে সাধারণ গরিব মানুষ সরকারি প্রকল্পগুলি থেকে বঞ্চিত হয় তার থেকে অব্যাহতি না থাকবে। মহিলা স্বসহায়ক দল প্রকল্পের সার্বিক সুযোগ-সুবিধা গুলি সমভাবে বন্টন করে দেওয়ার দাবি জানানো হয় এদিনের ডেপুটেশন সময়ে দিচ্ছে যেভাবে জমিয়ে

টাকা সময়ে প্রদান করা সহ বিভিন্ন দাবিতে এদিন বামেরা ডেপুটেশনে মিলিত হয়েছেন। প্রাক্তন মন্ত্রী অভিযোগ করেন উৎপাদিত পণ্য সামগ্রীকে তুলে ধরার জন্য বেশি করে উৎসাহিত করতে হবে। স্বসহায়ক দলগুলি যাতে নিয়মিতভাবে আর্থিকভাবে লাভজনক অবস্থায় পরিণত হয় সেদিকটাও লক্ষ্য রাখার জন্য মুখ্যমন্ত্রী গুরুত্ব আরোপ করেন। তিনি বলেন, এতেই রাজ্য সরকারের এই ধরনের মেলা আয়োজনের সার্থকতা আসবে। প্রকৃতি সভায় উৎসবের অধিকর্তা জীবিকা মিশনের মুখ্য কার্যনির্বাহী আধিকারিক বান্ধিত কৌর

২৮ ডিসেম্বর থেকে ১৮তম আঞ্চলিক সরস মেলা সচিবালয়ে মুখ্যমন্ত্রীর সভাপতিত্বে প্রস্তুতি সভা

আগরতলা, ২৭ নভেম্বর। রাজ্যে ১৮তম আঞ্চলিক সরস মেলা আগামী ২৮ ডিসেম্বর, ২০২৩ থেকে হা'পানীয়া আন্তর্জাতিক মেলা প্রাপ্তগে শুরু হবে। ১২ দিনব্যাপী এই মেলা নরেন্দ্র মোদির 'ভোকাল ফর লোকাল' দৃষ্টিভঙ্গিকে পাঠিয়ে করে মেলায় স্বসহায়ক দলগুলিকে তাদের উৎপাদিত পণ্য সামগ্রীকে তুলে ধরার জন্য বেশি করে উৎসাহিত করতে হবে। স্বসহায়ক দলগুলি যাতে নিয়মিতভাবে আর্থিকভাবে লাভজনক অবস্থায় পরিণত হয় সেদিকটাও লক্ষ্য রাখার জন্য মুখ্যমন্ত্রী গুরুত্ব আরোপ করেন। তিনি বলেন, এতেই রাজ্য সরকারের এই ধরনের মেলা আয়োজনের সার্থকতা আসবে। প্রকৃতি সভায় উৎসবের অধিকর্তা জীবিকা মিশনের মুখ্য কার্যনির্বাহী আধিকারিক বান্ধিত কৌর

প্রকৃতি সভায় মুখ্যমন্ত্রী প্রফেসর (ডাঃ) মানিক সাহা ১৮তম আঞ্চলিক সরস মেলাকে সার্বিকভাবে সফল করে তোলার জন্য সবার আন্তরিক সহযোগিতা কামনা করেন। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির 'ভোকাল ফর লোকাল' দৃষ্টিভঙ্গিকে পাঠিয়ে করে মেলায় স্বসহায়ক দলগুলিকে তাদের উৎপাদিত পণ্য সামগ্রীকে তুলে ধরার জন্য বেশি করে উৎসাহিত করতে হবে। স্বসহায়ক দলগুলি যাতে নিয়মিতভাবে আর্থিকভাবে লাভজনক অবস্থায় পরিণত হয় সেদিকটাও লক্ষ্য রাখার জন্য মুখ্যমন্ত্রী গুরুত্ব আরোপ করেন। তিনি বলেন, এতেই রাজ্য সরকারের এই ধরনের মেলা আয়োজনের সার্থকতা আসবে। প্রকৃতি সভায় উৎসবের অধিকর্তা জীবিকা মিশনের মুখ্য কার্যনির্বাহী আধিকারিক বান্ধিত কৌর

১৮তম আঞ্চলিক সরস মেলাকে সফল করতে গৃহীত ব্যবস্থাদি সম্পর্কে বিস্তারিতভাবে অবহিত করেন। তিনি জানান, এবারের সরস মেলায় ৩৭০টি স্টল থাকবে। মহিলা স্বসহায়ক দল পরিচালিত ফুড কোর্ট থাকবে এই মেলায়। তাছাড়া মেলায় পিঞ্জ বাণিজ্য দপ্তরের পরিচালনায় ক্রেতা-বিক্রেতা সম্মেলনের পাশাপাশি তথ্য ও সংস্কৃতি দপ্তরের পরিচালনায় সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হবে। মেলায় বিভিন্ন কাটাগরিহতে প্রথম, দ্বিতীয় এবং তৃতীয় স্থানার্থিকারীদের পুরস্কৃত করা হবে। মোট ৪৪টি পুরস্করণের ব্যবস্থা রয়েছে। মেলাকে সুষ্ঠু ও সফলভাবে সম্পন্ন করা লক্ষ্যে রাজ্যস্বরীয় অর্গানাইজি কেমিটি, কার্যকরী কমিটি সহ বিভিন্ন উপকমিটি গঠন করা হয়েছে।